

কলম্বিয়া ইউনিভার্সিটির ১৮০ কর্মী ছাঁটাই

বাংলা পত্রিকা ডেস্ক: ট্রাম্প প্রশাসনের ফান্ডিং প্রত্যাহারের ফলে নিউইয়র্কের কলম্বিয়া ইউনিভার্সিটি ১৮০ কর্মচারীকে ছাঁটাই করেছে। এর ফলে *২৬-এর পৃষ্ঠায় দেখুন*

তিন সংস্থার সমন্বয়ে দেশ ছাড়েন হামিদ!



নিজস্ব প্রতিবেদক ঃ সাবেক রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের দেশ ছাড়া নিয়ে চলছে তোলপাড়। ঘটনাটি জানাজানির পর বিক্ষোভে ফেটে পড়ে ছাত্র-জনতা। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টার পদত্যাগ দাবি করে মিছিলও হয়েছে। কীভাবে তিনি দেশ ছাড়লেন তা নিয়ে চলছে আলোচনা-সমালোচনা। সরকারের নীতিনির্ধারকরা জানাচ্ছেন, আবদুল *৫-এর পৃষ্ঠায় দেখুন*

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

পথচলায় ২৯ বছর

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 32 / May 12, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৩২ ॥ সোমবার, বৈশাখ ২৯, ১৪৩২ ॥ জিলকদ ১৩, ১৪৪৬

নিউইয়র্কের পাল্টাপাল্টি বইমেলা: দ্বিধাবিভক্তি প্রকাশ্যে

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশের রাজনৈতিক পটপরিবর্তনের রেশ লেগেছে নিউইয়র্কের বইমেলায়। এর জেরেই বেশ কয়েকদিন ধরে মুক্তধারার বইমেলা নিয়ে আয়োজকদের মধ্যে অন্তর্দন্ধ চলছিলো। বইমেলা আয়োজনের শেষ মুহূর্তে এসে অতিথি ও আয়োজন নিয়ে আয়োজকদের মধ্যে রাজনৈতিক মতানৈক্যে প্রকাশ্য রূপ নেয়। মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারম্যান ড. নূরুন নবী পদত্যাগ করে 'বঙ্গবন্ধ বইমেলা' আয়োজনের ঘোষণা দেন। এদিকে বইমেলা নিয়ে বিভক্তি ও পাল্টাপাল্টি আয়োজনের উদ্যোগ নিয়ে চলছে কমিউনিটিতে ব্যাপক মিশ্র প্রতিক্রিয়া।

জানা গেছে, আগামী ২৩-২৬ মে নিউইয়র্কে ৩৪তম 'নিউইয়র্ক বাংলা বইমেলা-২০২৫' কুইন্সের জ্যামাইকা পরফর্মিং আর্ট সেন্টারে অনুষ্ঠিত হবে। মেলার আয়োজক হচ্ছে মুক্তধারা ফাউন্ডেশন নিউইয়র্ক। ফাউন্ডেশনের পক্ষ থেকে ইতিমধ্যেই বইমেলার নানা কর্মসূচী ঘোষণা করা হয়েছে।

এদিকে বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপট বিশেষ করে ছাত্র-জনতার দাবীর মুখে ২০২৪ সালের ৫ আগষ্ট শেখ হাসিনার সরকারের পতনের পর দেশের ন্যায় নিউইয়র্ক তথা উত্তর আমেরিকায় নানা প্রতিক্রিয়া ও প্রভাব লক্ষ্য করা যায়। অনেকে আওয়ামী লীগ সরকারের বিগত ১৫/১৬ বছরের কর্মকান্ডের প্রতি ঘৃণা প্রকাশ করে ভিন্নমত পোষণ করেন। অনেকে আবার আওয়ামী লীগের উপর থেকে সমর্থন প্রত্যাহার করেন। এমন পরিস্থিতিতে নিউইয়র্কের বাংলা বইমেলার কোন কোন আয়োজকদের মধ্যে প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়। উদ্ভূত পরিস্থিতিতে সম্প্রতি বইমেলার সাবেক আহ্বায়ক, বিশিষ্ট লেখক ও কলামিষ্ট হাসান ফেরদৌস বইমেলা তথা মুক্তধারা ফাউন্ডেশন থেকে নিজে গুটিয়ে নেন।



মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারপারসন থেকে পদত্যাগ করেছেন ড. নূরন নবী

সর্বশেষ ঐ মেলাতে তরুণ লেখক সাদাত হোসাইনকে আনা হচ্ছে উদ্বোধক হিসেবে অতিথি হিসেবে আমন্ত্রণ করায় মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারপার্সন ড. নুরুন নবী ও সিইও বিশ্বজিত সাহাসহ সংশ্লিষ্টদের মধ্যে মতানৈক্য চরম আকার ধারণ করে। এরপর গেলো সপ্তাহে মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারপারসন-এর পদ থেকে পদত্যাগ করে পাল্টা 'বঙ্গবন্ধু বইমেলা' নামে পৃথক বইমেলা করার ঘোষণা দিয়েছেন বইমেলার সাবেক আহ্বায়ক মুক্তিযোদ্ধা ড. নূরুন নবী। আগামী ২৪-২৫ মে নিউইয়র্কে 'বঙ্গবন্ধু বইমেলা' অনুষ্ঠিত হবে। ড. নুরুন নবী কে 'বঙ্গবন্ধু বইমেলা- ২০২৫' এর আহ্বায়ক নির্বাচিত করা হয়েছে।

বৃগস্পতিবার 'একাত্তরের প্রহরী'র আয়োজনে মত বিনিময়ে ড. নুরুন নবী বলেন, মুক্তধারা *৫-এর পৃষ্ঠায় দেখুন*

অবৈধ অভিবাসী বিতাড়নে ২০ হাজার কর্মী নিয়োগ!

*ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটিকে নতুন কর্মী নিয়োগের নির্দেশ

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে অবৈধ অভিবাসী বিতাড়নে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস) এ নতুন করে ২০ হাজার কর্মী নিয়োগের পরিকল্পনা নেয়া হয়েছে।

শুক্রবার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটিকে (ডিএইচএস) নতুন ২০ হাজার নতুন কর্মী নিয়োগের নির্দেশ দিয়েছেন। নতুন নিয়োগকৃতরা অবৈধ অভিবাসীদের দেশে ফেরত পাঠানোর কাজে অংশ নেবেন।

এক ভিডিও বার্তায় ডোনাল্ড ট্রাম্প বলেন, 'আমি তাদের (অভিবাসী) যুক্তরাষ্ট্র ছেড়ে যাওয়াকে যতটা সম্ভব সহজ করে তুলছি।' তার পরিকল্পনায় বলা হয়েছে, যারা স্বেচ্ছায় দেশ ছাড়বে, তাদের বিমান ভাড়া সরকার দেবে। পাশাপাশি প্রত্যেক অভিবাসীকে ১ হাজার ডলার করে 'এক্সিট বোনাস' দেয়া হবে।

বিবিসির প্রতিবেদনে বলা হয়, বর্তমানে যুক্তরাষ্ট্রের ডিএইচএসের অধীন ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইসিই) সংস্থায় ২১ হাজারের বেশি কর্মকর্তা কাজ করছেন। এর *২৬-এর পৃষ্ঠায় দেখুন*

আওয়ামী লীগ নিষিদ্ধ: রাজনীতিতে চাঞ্চল্য

বাংলা পত্রিকা ডেস্ক: আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধের সিদ্ধান্তে রাজনীতিতে চাঞ্চল্য তৈরি হয়েছে। স্বাধীনতা সংগ্রামে গুরুত্বপূর্ণ ভূমিকায় থাকা দলটির কার্যক্রম স্বাধীন দেশে প্রথমবার নিষিদ্ধ ঘোষিত হলো। গণতন্ত্রের নীতি সামনে রেখে গড়া দলটি গত দেড় দশকে যে দানবীয় ভূমিকায় অবতীর্ণ হয়েছিল তার মাসুল হিসেবে চরম বাস্তবতার মুখোমুখি হয়েছেন এর নেতাকর্মীরা। আওয়ামী লীগের টানা ১৬ বছরের ফ্যাসিবাদী শাসনে বিপর্যস্ত হয়ে পড়ে দেশের ২৬-এর পৃষ্ঠায় দেখুন

৪৫ দিন পর জামিনে মুক্তি পেলেন শিক্ষার্থী রুমিয়াসা

ভ্রমণ নিষেধাজ্ঞার শর্ত

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের অভিবাসন বিরোধী আইনপ্রয়োগকারী সংস্থারে হাতে গ্রেপ্তারের ৪৫ দিন পর অবশেষে আটককেন্দ্র থেকে জামিনে মুক্তি পেয়েছেন টাফটস বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রুমিয়াসা অজতুর্ক। ৯ মে তাকে ভ্রমণ নিষেধাজ্ঞার শর্তে মুক্তির আদেশ দেন একটি ফেডারেল আদালতের বিচারক। এরপর লুইজিয়ানার একটি অভিবাসী আটককেন্দ্রে থাকা রুমিয়াসা মুক্তি পেয়ে শনিবার (১০ মে) বোস্টনে ফিরেছেন।

এ সময় তার মুক্তির জন্য কাজ করেছেন কিংবা সমর্থন দিয়েছেন, এমন সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি।

তুরস্কের নাগরিক ৩০ বছর বয়সি রুমিয়াসা তিনি টাফটস বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট স্কুল অব আর্টস অ্যান্ড সায়েন্সেসের পিএইচডি গবেষক ছিলেন।

শনিবার বিমানবন্দরে সাংবাদিকদের রুমিয়াসা বলেন, 'অত্যন্ত কঠিন একটি সময় অতিবাহিত করার পর লেখাপড়ায় ফিরে যেতে চাই। গত ৪৫ দিনে আমার স্বাধীনতা ও শিক্ষা দুটোই হারিয়েছি। তবে যারা আমাকে সমর্থন, সহায়তা কিংবা এই খারাপ সময়ে খোঁজ নিয়েছেন, তাদের সবার প্রতি আমি কৃতজ্ঞ,'।

এর আগে জামিন শুনানিতে ভিডিওর মাধ্যমে উপস্থিত *৫-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
• TAX Liens Charge Offs • Inquiries • Collections
• Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে আবারো ফিলিস্তিনপন্থি বিক্ষোভ, আটক ৭০

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের মূল গ্রন্থাগার বাটলার লাইব্রের একটি অংশ দখল করে বিক্ষোভ করেছেন ফিলিস্তিনপন্থি বিক্ষোভকারীরা। এ ঘটনার জেরে বুধবার নিউইয়র্ক পুলিশ বিভাগ কমপক্ষে ৭০ জন বিক্ষোভকারীকে গ্রেফতার করেছে।

বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট ক্লেয়ার শিপম্যান এই ঘটনার তীব্র নিন্দা জানিয়ে বলেন, বিক্ষোভকারীরা জোরপূর্বক লাইব্রেরিতে প্রবেশ করে, যার ফলে দুই নিরাপত্তা কর্মকর্তা আহত হন। সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, বিক্ষোভকারীরা কেফিয়া এবং মাস্ক পরে লাইব্রেরিতে প্রবেশ করে। এটি ট্রাম্প প্রশাসনের ২৬-এর পৃষ্ঠায় দেখুন

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

সম্মানিত বাড়ির মালিকগণ
আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদান বাময় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

নতুন বছর উপলক্ষে ৫০% সেল

১০ হাজার ডলারের রিভেট

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন।

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকন্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

তোফায়েল চৌধুরী

আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
GREE MECHANICAL YONKERS

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.




SURDEZ & PEREZ,

We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে

পরামর্শের জন্য ফি লাগে না




Free Consultation

কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
- গাড়ী দুর্ঘটনা
- বাস, ট্রেন অথবা মোটর সাইকেল
- ব্রেইন ইনজুরি
- এলিভেটর একসিডেন্ট
- স্লুল লায়াবিলিটি
- খেলার মাঠে দুর্ঘটনা
- বার্থ ইনজুরি
- নির্মাণ কাজে দুর্ঘটনা
- পিছলে পড়ে গেলে
- লেড পয়জনিং
- কুকুর কামড়ালে
- ডাক্তারের ভুল চিকিৎসা

আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন



Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com

32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103

www.surdezperezlaw.com

আমার সন্তানের শিক্ষা সম্পর্কে আমি বাংলায় অবহিত হতে পারি কি?

Can I be informed about my child's education in Bangla?

NYC Public Schools
Delivering for you. Every day. Everywhere.

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলো আপনার ভাষায় কথা বলে!

NYC Public Schools Speak Your Language!

আপনার প্রয়োজন অনুযায়ী সহায়তা পেতে আপনি বিনা খরচে অনুবাদ এবং দোভাষী পরিষেবার অনুরোধ করতে পারেন।

You can request free translation and interpretation services to get the help you need.

আরো জানুন | Learn more

on.nyc.gov/Hello /nycschools 311

যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন

বাংলাদেশ সোসাইটি ইনক'র

বোর্ড অব ট্রাষ্টি নির্বাচিত হওয়ায়



বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী ও মর্টগেজ ব্যাংকার, তরুণ সমাজসেবী এবং বৃহত্তর নোয়াখালীর কৃতি সন্তান

নাঈম টুটুল-কে

জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন



শুভেচ্ছান্তে: বৃহত্তর প্রবাসী নোয়াখালীবাসী

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

কী এক বিতিকিচ্ছি অবস্থা

আমাদের দেশের রাজনৈতিক বিভিন্ন ঘটনা স্বাভাবিকভাবে ঘটছে, নাকি কারও ইশারায়, তা জানা খুব জরুরি হয়ে উঠেছে। একই দিনে এত বেশি সংবাদের জন্ম হচ্ছে এবং সংবাদগুলো দেশকে অস্থিরতার দিকে যেভাবে নিয়ে যাচ্ছে, তাতে মনে হয়, সত্যিকারের কাজের চেয়ে কম গুরুত্বপূর্ণ ব্যাপারকে বেশি গুরুত্ব দিয়ে কেউ কেউ ফায়দা লোটার চেষ্টা করছে। দেশের জনগণ এই অস্থিরতার কারণে ভালো কোনো পরিবর্তন আসছে কি না, সে ব্যাপারে ক্রমেই সন্দিহান হয়ে উঠছে।

একই দিনে বেশ কিছু বিষয় ঘটেছে, যা আলোচনার যোগ্য। সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদের দেশত্যাগ, তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের একটি পোস্ট, আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে প্রধান উপদেষ্টার বাসভবনের সামনে এনসিপি নেতাদের অবস্থান, বিএনপির মহাসচিবের গণতন্ত্র পুনরুদ্ধার নিয়ে আশঙ্কা প্রকাশ, নারায়ণগঞ্জের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীকে গ্রেপ্তারসহ নানা ঘটনায় বিতিকিচ্ছির হয়ে আছে রাজনৈতিক অঙ্গন। একটু খেয়াল করলেই দেখা যাবে, রাজনৈতিক পালাবদলের পর যে আশা-আকাঙ্ক্ষা নিয়ে দেশের জনগণ একটি ইতিবাচক পরিবর্তন দেখতে চেয়েছিল, সেই আশা-আকাঙ্ক্ষার বাস্তবায়নে এখন পর্যন্ত ইতিবাচক কোনো দিশা দেখা যাচ্ছে না। তাহলে কি কথামালার রাজনীতিতে আটকে থাকছে দেশ?

যেসব বিষয় নিয়ে সাধারণ মানুষের আগ্রহ রয়েছে, সেদিকে নজর দেওয়া হচ্ছে কম। ৮ মের যে ঘটনাগুলোর উল্লেখ করা হলো, তাতে দেখা যাচ্ছে, নির্বাচন অভিমুখে দেশের কোনো রোডম্যাপের সঙ্গে তার কোনো সম্পর্ক নেই। সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদের দেশত্যাগে নিষেধাজ্ঞা ছিল কি না, যদি থেকে থাকে, তাহলে কীভাবে তিনি ইমিগ্রেশন পার হলেন, আর নিষেধাজ্ঞা না থাকলে কেন তিনি দেশের বাইরে যেতে পারবেন না-এ প্রশ্নেরই তো বিহিত করতে হবে সবার আগে। এ ব্যাপারে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেছেন, দোষী ব্যক্তিদের শাস্তির আওতায় না আনতে পারলে তিনি পদ ছেড়ে দেবেন। দোষটা কী, সেটাই তো সবার আগে নির্ধারণ করতে হবে। এর পেছনে কোনো ষড়যন্ত্র থাকলে অবশ্যই তা উদ্‌ঘাটন করতে হবে। আর বিদেশভ্রমণে নিষেধাজ্ঞা না থাকলে জনগণকে বোঝাতে হবে প্রকৃত ঘটনা।

শিক্ষার্থীদের নতুন দল এনসিপির নেতা-কর্মীরা প্রধান উপদেষ্টার বাসভবন ঘেরাও করেছেন আওয়ামী লীগকে নিষিদ্ধের দাবিতে। বৈষম্যবিরোধী আন্দোলনের সময় শিক্ষার্থীদের সম্মিলিত শক্তি ছিল সমীহ করার মতো। কিন্তু ৯ মাস পরে আন্দোলনে অংশগ্রহণকারীরা নানা ভাগে বিভক্ত হয়ে পড়েছেন। সাড়ম্বরে এনসিপির আত্মপ্রকাশের পর তাদের সভাগুলো ক্রমেই ছোট হয়ে আসছে কেন, তা নিয়ে তারা জরিপ করতে পারে। কেউ কেউ মনে করছেন, নির্বাচন পিছিয়ে দেওয়ার জন্য এসব সরকারের সঙ্গে এনসিপির মিলিত সাজানো নাটক। বিএনপির মহাসচিব যে বলেছেন, গণতন্ত্র এখনো পুনরুদ্ধার হয়নি, সে ব্যাপারে এনসিপি নেতাদের মতামতও জানা দরকার। এই সরকারকে অনির্দিষ্ট কালের জন্য ক্ষমতায় রাখার একটা কৌশল নিয়ে দাবার ঘুঁটি সাজাচ্ছে কেউ-এমন একটা সন্দেহও কাজ করছে। নারায়ণগঞ্জের জনপ্রিয় সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীকে হঠাৎ গ্রেপ্তার করাই-বা কী ইঙ্গিত দেয়?

এই বিতিকিচ্ছি অবস্থা থেকে কবে পরিত্রাণ পাবে জনগণ?

সফলতার ২৮ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

তাদের যুদ্ধ, তাদের খেলা

মাসুদ কামাল



৬ মে রাতে পাকিস্তানের কয়েকটি স্থানে ভারত ক্ষেপণাস্ত্র হামলা চালায়। *ছবি: সংগৃহীত*

দীর্ঘ তিন বছর নেগোসিয়েশনের পর ৬ মে যুক্তরাজ্যের সঙ্গে ভারত এমন একটি বাণিজ্য চুক্তি করতে সক্ষম হয়, যেটিকে উভয় দেশই 'ল্যান্ডমার্ক ট্রেড ডিল' হিসেবে অভিহিত করেছে। ডোনাল্ড ট্রাম্প যখন বাড়তি ট্যারিফ আরোপের মাধ্যমে পুরো বিশ্বের অর্থনীতিকে মারাত্মক একটা ঝাঁকুনি দিয়েছেন, তখন এমন চুক্তি ভারত ও যুক্তরাজ্য উভয় দেশের অর্থনীতিবিদ ও ব্যবসায়ীদের জন্য স্বস্তি বয়ে এনেছে। নিশ্চিতভাবেই সেই রাতে তাদের ঘুম ভালো হয়েছে। মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে সেই রাতে আইপিএলের একটা গুরুত্বপূর্ণ ম্যাচ ছিল। মুম্বাই ইন্ডিয়ানস মুখোমুখি হয়েছিল গুজরাট টাইটানসের। খুবই গুরুত্বপূর্ণ ম্যাচ ছিল এটি। কারণ, দুটি দলই পয়েন্ট টেবিলের শীর্ষ চারটি স্থানের মধ্যে ছিল। মুম্বাইয়ের দর্শকদের হৃদয় ভেঙে দিয়ে গুজরাট ম্যাচে জিতে গিয়েছিল। কিন্তু তারপরও মুম্বাইয়ের দর্শকদের সেই রাতে ঘুমের তেমন কোনো সমস্যা হয়নি। কারণ, হারের পরও মুম্বাই ইন্ডিয়ানস শীর্ষ চারের মধ্যে রয়ে গিয়েছিল।

সম্ভবত প্রায় একই রকম নিশ্চিন্তে সেই রাতে বিছানায় গিয়েছিল পাকিস্তানের শিয়ালকোট, সাকার গড়, ভিম্বের, কোটলি, মুজাফফরাবাদ, মুরিদকে ও বাহাওয়ালপুরের সাধারণ মানুষ। কিন্তু তাদের সেই ঘুম সম্পন্ন হয়নি। তার আগেই মধ্যরাতে যেন তাদের মাথার ওপর আকাশ ভেঙে পড়েছিল। এই জায়গাগুলোতে হামলা চালিয়েছিল ভারত। ভারতের দাবি, তাদের হামলায় পাকিস্তানের ৩১ জন নিহত ও ৪৬ জন আহত হয়েছে। যারা মারা গেছে, তারা তো চলেই গেছে। আর যারা বেঁচে রয়েছে, তারা আছে তীব্র আতঙ্কের মধ্যে। এরপর পাল্টা আক্রমণ পাকিস্তানও করেছে। পাকিস্তানের দাবি, তারা ভারতের ৫টি বিমান ভূপাতিত করেছে, আর তাদের আক্রমণে ভারতের ১৫ নাগরিক নিহত ও ৪৩ জন আহত হয়েছে।

সব মিলিয়ে এ কথা এখন বলা যায় যে পাকিস্তান ও ভারতের মধ্যে যুদ্ধটা আসলে লেগেই গেছে। নরেন্দ্র মোদির বিজেপি ভারতের রাষ্ট্রক্ষমতায় সেই ২০১৪ সাল থেকে। এই দীর্ঘ সময়ে মোদি বা বিজেপিকে যাঁরা কিছুমাত্র পর্যবেক্ষণ করেছেন, তাঁরা খুব সহজে ২২ এপ্রিলের পর থেকে ধারণা করছিলেন, যেকোনো সময় শুরু হতে পারে যুদ্ধ। বিজেপি রাজনীতির মূল ধারাটা এমন। তারা পাকিস্তানকে বিন্দুমাত্র ছাড় দিতে রাজি নয়, এই ধারণা জনগণের মধ্যে ছড়িয়ে দিতে চায়। ফলে ৬ মে রাতের এই হামলা ভারতের দিক থেকে অবধারিত ছিল।

এটা নতুন কিছু নয়। ২০১৯ সালে ভারতের লোকসভা নির্বাচনের আগে জম্মু ও কাশ্মীরের পুলওয়ামা জেলায় সেন্ট্রাল রিজার্ভ ফোর্সের একটি গাড়িবহরে আত্মঘাতী বোমা হামলা হয়। সে ঘটনায় ভারতের ৪০ জওয়ান নিহত হন। এটা ২০১৯ সালের ১৪ ফেব্রুয়ারির ঘটনা। এর কদিন পরই ২৬ ফেব্রুয়ারি ভারত বিমান হামলা চালায় পাকিস্তানের বালাকোটে। ভারত দাবি করে, এই হামলায় নাকি পাকিস্তানে লুকিয়ে থাকা অনেক জঙ্গি নিহত হয়েছে। বিপরীত দিকে পাকিস্তানের দাবি ছিল, গোটা কয়েক গাছ ছাড়া আর কিছুরই কোনো ক্ষতি হয়নি। জবাবে ঠিক পরদিন পাকিস্তান ভারতের কয়েকটি সামরিক স্থাপনা লক্ষ্য করে হামলা চালায়। ভারতের একটি বিমান বিধ্বস্ত হয়, তাদের একজন এয়ারফোর্স অফিসার আটক হন পাকিস্তানে। পরে তাঁকে ছেড়েও দেয় পাকিস্তান। সেই পাল্টাপাল্টি আক্রমণের ফল কী হয়েছে? যুদ্ধে কে জিতেছে? পাকিস্তান নাকি ভারত? সেই যুদ্ধ বা সার্জিক্যাল অ্যাটাকের ফলে পাকিস্তানের আদৌ কতটুকু ক্ষতি হয়েছে, তা নিয়ে কিন্তু কারও কোনো মাথাব্যথা ছিল বলে মনে হয় না। গুরুত্বপূর্ণ ছিল আক্রমণ করা। সেই আক্রমণের কথা পুরো নির্বাচনী প্রচারণায় কাজে লাগানো হয়েছে। বিজেপি নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে নির্বাচিত হয়েছে।

ছোটবেলায় ইতিহাস বইয়ে আমরা যুদ্ধের ঘটনা পড়তাম। দেখতাম, এক রাজা আরেক রাজার দেশ দখল করে নেয়। যুদ্ধে পরাজিত রাজা বন্দী অথবা নিহত হয়। যুদ্ধের সেই ফরম্যাট এখন আর নেই। এখন জয়-পরাজয়টা ঠিক বোঝা যায় না। এই যে হামলা করল ভারত, তারা কি এই যুদ্ধে জিতে গেছে? পাকিস্তানের মিডিয়াগুলোতে কিন্তু ভিন্ন খবর। তারা দাবি করছে, ভারতের পাঁচটি বিমান তারা ভূপাতিত করেছে, যার মধ্যে তিনটি অত্যাধুনিক রাফাল বিমান রয়েছে। ভারতের মিডিয়ায় কিন্তু খবরটি পাওয়া যাবে না। তাহলে প্রকৃত সত্য কোনটি? জনগণের পক্ষে তাৎক্ষণিকভাবে এটা জানা সম্ভব হবে না। সরকার সাধারণ মানুষকে তাদের পছন্দ ও প্রয়োজন মোতাবেক তথ্য দেবে। সেই তথ্যে মানুষ উত্তেজিত হবে, ভাববে-তারা একটি শক্তিশালী ও দেশপ্রেমিক সরকারের হেফাজতে রয়েছে! এটাই রাজনীতি। এই রাজনীতিই চলছে দেশে দেশে।

ভারতের কথাই ধরা যাক। তাদের মিডিয়াগুলোর দিকে তাকালে মনে হবে, পাকিস্তান বুঝি একেবারে মাটির সঙ্গে মিশে গেছে, পাকিস্তানের সরকার নতজানু হয়ে ক্ষমা ভিক্ষা করছে তাদের মহাপরাক্রমশীল মোদির কাছে। এসব ভেবে তারা হয়তো সাময়িক উত্তেজনায় আপ্লুত হবে। কিন্তু থলি হাতে বাজারে গিয়ে দেখবে অন্য দৃশ্য। তখন আবার সান্ত্বনা দেওয়া হবে-যুদ্ধের বাজারে জিনিসপত্রের দাম তো একটু বাড়বেই! কিন্তু প্রশ্ন হচ্ছে, সাধারণ মানুষ কি যুদ্ধ চেয়েছিল? ২২ এপ্রিল পেহেলগামে যে ২৬ পর্যটক নিহত হলেন, তাঁদের পরিবার কি শান্তি পাবে পাকিস্তানের ৩১ জন নিহত হওয়ার সংবাদে? যারা ওই হত্যার জন্য দায়ী ছিল, তাদের কেউ কি রয়েছে ওই ৩১ জনের মধ্যে অথবা ওই হত্যাকারীদের কি নিশ্চিতভাবে চিহ্নিত করা গেছে? আমি ওই ভিডিওগুলো দেখেছি। সেখানে নিহতদের আত্মীয়স্বজন অভিযোগ করছিলেন সরকারের দায়িত্বহীনতার প্রতি। অভিযোগের আঙুল যাদের দিকে উঠেছিল, তাদের কি বিচারের আওতায় আনা সম্ভব হয়েছে? এসব প্রশ্নের জবাব কখনোই মিলবে না। দেশের মানুষকে বরং উল্টো বুঁদ করে রাখার চেষ্টা চলবে বিজয়ের উল্লাসের মধ্যে। ভারতে যেমন চলবে, পাকিস্তানেও চলবে। দুই সরকারই নিজেদের বিজয়কে ফলাও করে প্রচার করবে। ভারত সরকার কিংবা পাকিস্তান সরকার কেউই হারবে না, হারবে শুধু দুই দেশের জনগণ।

ওই দুই দেশের জনগণের কথাই-বা কেন বলি, প্রতিবেশী দেশগুলোর ওপরও কি তার প্রভাব পড়বে না। যুদ্ধের পরদিন ভারত বা পাকিস্তানের মতো দেখলাম বাংলাদেশের শেয়ারবাজারেও পতনের ধারা। ইউক্রেন যুদ্ধের সময় এ রকম নেতিবাচক প্রভাব দেখেছি। জিনিসপত্রের দাম নিয়ে যখন মানুষ অতিষ্ঠ হতো, অনিবার্য অজুহাত হিসেবে উচ্চারিত হতো ইউক্রেন যুদ্ধের কথা।

আসলে যুদ্ধে সাধারণ মানুষ ছাড়া আর কেউ তেমন ক্ষতিগ্রস্ত হয় না। দেখুন, ৬ মে রাতে পাল্টাপাল্টি হামলা হলো, দুই দেশের নাগরিক হতাহত হলো, অথচ পরদিন এর কোনো প্রভাব কি পড়ল সরকারি বা প্রাতিষ্ঠানিক কর্মকাণ্ডে? শুরুতে যে আইপিএলের কথা বলেছিলাম, ৭ তারিখে ঠিকই আইপিএলের গুরুত্বপূর্ণ ম্যাচ কলকাতা বনাম চেন্নাইয়ের খেলাটি হলো কলকাতার ইডেন মাঠে। শুধু আইপিএলের ম্যাচ নয়, পাকিস্তানে যে পিএসএল টুর্নামেন্ট হচ্ছে, তারও কোনো ব্যত্যয় হয়নি। ৭ মার্চ ঠিকই কোয়েটা গ্লুয়াডিয়েটর্স বনাম ইসলামাবাদ ইউনাইটেডের ম্যাচটি হয়েছে। ১০০ রানের জয় পেয়ে গ্লুয়াডিয়েটর্সের ক্রিকেটার ও সমর্থকেরা যখন উল্লাসে মেতে উঠেছিলেন, তখন কি তাঁদের মনে একবারের জন্য শিয়ালকোট, সাকার গড়, ভিম্বের, কোটলি, মুজাফফরাবাদ, মুরিদকে বা বাহাওয়ালপুরের আতঙ্কিত মানুষের কথা মনে পড়েছিল? মনে পড়েনি। কারণ, তাদেরকে সে ঘটনা মনে করতে দেওয়া হয়নি। এটাই রাজনীতি!

রাখাইন থেকে রোহিঙ্গারা আসছে প্রতিদিনই

৬-এর পৃষ্ঠায় পর সরকার এ বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত জানায়নি।

নতুন করে আসা রোহিঙ্গাদের আবাসনের জন্য উখিয়া ও টেকনাফে কোনো খালি জায়গা নেই জানিয়ে মিজানুর রহমান বলেন, বিশ্বের সবচেয়ে ঘনবসতি ও বড় রোহিঙ্গা ক্যাম্প কক্সবাজারে। পাহাড়ি জায়গায় অবস্থিত এসব ক্যাম্পে নতুন করে আবাসন দেওয়ার সুযোগ নেই।

যেসব পথে আসছে রোহিঙ্গারা

বাংলাদেশের সঙ্গে থাকা মিয়ানমারের জল ও স্থলপথের ২৭১ কিলোমিটার সীমান্তের পুরোটাই রাখাইন প্রদেশের সঙ্গে। ২০২৪ সালের ৮ ডিসেম্বর এ রাজ্যের ১৭টি টাউনশিপের মধ্যে মংডুসহ ১৪টি টাউনশিপ মিয়ানমারের সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মি নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেছে। ইউএনএইচসিআরের এক কর্মকর্তা বলেন, রাখাইনে সংঘাতের কারণে মংডু ও আশপাশের টাউনশিপগুলোয় চরম খাদ্য ও নিরাপত্তা সংকট চলছে। কোনো অসুস্থ মানুষ চিকিৎসাসেবা কিংবা ওষুধ পাচ্ছে না। এ কারণে রোহিঙ্গারা সীমান্ত পাড়ি দিয়ে বাংলাদেশে ঢুকছে।

সীমান্তের একাধিক সূত্র বলেছে, বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম, কক্সবাজারের উখিয়ার পালংখালী এবং টেকনাফের হোয়াইক্যং, হ্নীলা ও সাবরাং ইউনিয়নের ২২-২৪টি পয়েন্ট দিয়ে প্রতিদিন রোহিঙ্গারা দালালের মাধ্যমে ঢুকছে। দালালেরা নতুন আসা রোহিঙ্গাদের টেকনাফ ও উখিয়ার আশ্রয়শিবিরে পৌঁছে দেয়। কেউ কেউ বিভিন্ন বাসাবাড়িতেও আত্মগোপন করছে।

রাখাইনের মংডু থেকে পরিবার নিয়ে পালিয়ে এসেছেন আবদুল কাদের (৪৫) ও মোহাম্মদ শফি (৫০)। তাঁরা উখিয়ার কুতুপালংয়ের একটি আশ্রয়শিবিরে অবস্থান করছেন। রাখাইনের বর্তমান পরিস্থিতি সম্পর্কে তাঁরা বলেন, আরাকান আর্মি রোহিঙ্গাদের বাড়িছাড়া করতে নির্যাতন চালাচ্ছে। আরাকান স্যালভেশন আর্মির (আরসা) সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগ এনে অনেককে ধরে নিয়ে গুলি করেও মারা হচ্ছে।

আরাকান রোহিঙ্গা সোসাইটি ফর পিস অ্যান্ড হিউম্যান রাইটসের চেয়ারম্যান মো. জুবায়ের বলেন, আরাকান আর্মি জাতিগত নিধন চালাচ্ছে। প্রায় সাড়ে ৩ লাখ রোহিঙ্গা এখনো রাখাইনে আছে। তারা খাদ্য ও নিরাপত্তা-সংকটে পড়েছে।

বিজিবি টেকনাফ-২ ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল আশিকুর রহমান বলেন, নাফ নদী ও বঙ্গোপসাগর বরাবর কঠিন নজরদারি থাকায় রোহিঙ্গারা সংঘবদ্ধ পাচারকারীদের সহায়তায় দুর্গম পাহাড়ি সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশ করছে। গত চার মাসে নাফ নদী ও সাগরপথ দিয়ে দৃশ্যমান অনুপ্রবেশ ঘটেনি। তবে অনুপ্রবেশের চেষ্টার সময় বেশ কিছু রোহিঙ্গাকে আটক করে মিয়ানমারে ফেরত পাঠানো হয়েছে। বিজিবির টহল জোরদার করা হয়েছে।

১২ মে উচ্চপর্যায়ের বৈঠক কক্সবাজারে

রোহিঙ্গা অনুপ্রবেশ, সীমান্ত পরিস্থিতি ও মাদক নিয়ন্ত্রণ বিষয়ে আগামী সোমবার কক্সবাজারের জেলা প্রশাসক কার্যালয়ে একটি উচ্চপর্যায়ের সভা ডাকা হয়েছে। সভায় স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা ফারুক-ই-আজমের উপস্থিত থাকার কথা রয়েছে। এ ছাড়া প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (প্রতিরক্ষা ও জাতীয় সংহতি উন্নয়নবিষয়ক) লেফটেন্যান্ট জেনারেল (অব.) আবদুল হাফিজ, প্রধান উপদেষ্টার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এবং রোহিঙ্গা সমস্যাবিষয়ক হাই রিপ্রেজেন্টেটিভ ড. খলিলুর রহমান, বিশেষ সহকারী খোদা বখস চৌধুরী, বিভিন্ন বাহিনীর প্রধানসহ উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত থাকবেন।

নিউইয়র্কের পাল্টাপাল্টি বইমেলা: দ্বিধাবিভক্তি প্রকাশ্যে

প্রথম পৃষ্ঠার পর বইমেলার ঐক্য ধরে রাখার জন্য আমি আপ্রাণ চেষ্টা করেছি। আমাদের দাবি ছিল একটাই, বইমেলা 'জাতির পিতা' বঙ্গবন্ধুর আদর্শ, মহান মুক্তিযুদ্ধের মূল্যবোধ ও অসাম্প্রদায়িক চেতনা সমুন্নত রেখে এগিয়ে যাবে। যা এর প্রতিষ্ঠালগ্ন থেকেই চলে আসছে। কিন্তু খুবই পরিতাপের বিষয়, মুক্তধারা গ্রন্থবিতানের মালিক ও তার কিছু অনুসারী ইউনুস সরকারের প্রতি নগ্ন আনুগত্য স্বীকার করে এই চেতনা ও মূল্যবোধকে বিসর্জন দিয়েছেন। একই সাথে বইমেলার নামে জঙ্গিবাদ-মৌলবাদ-সাম্প্রদায়িক শক্তির পৃষ্ঠপোষক অবৈধ ইউনুস সরকারের রাষ্ট্রীয় অন্যান্য সাহায্য পাওয়ার জন্য চেষ্টা অব্যাহত রেখেছেন। পাশাপাশি একাত্তরের চেতনাবিরোধীদের হাতে বইমেলাকে 'নয়া-বন্দোবস্ত' দিয়েছেন। নিউইয়র্ক বইমেলা নতজানু নীতি নিয়ে তাদের পদযুগলেই সমর্পিত হয়েছে।

মুক্তধারা ফাউন্ডেশন ইসি কমিটির পক্ষে নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা ২০২৫ এর আহবায়ক রোকেয়া হায়দার এবং মুক্তধারা ফাউন্ডেশন এর চেয়ারপারসন অধ্যাপক ডা. জিয়াউদ্দীন আহমেদ ও সিইও বিশ্বজিত সাহা শনিবার (১০ মে) এক যৌথ বিবৃতিতে দিয়েছেন। বিবৃতিতে তারা বলেন- 'বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম এবং পত্রপত্রিকায় ড. নূরুন নবী মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারপারসন-এর পদ থেকে পদত্যাগ করেছেন বলে বিবৃতি দিয়েছেন। পদত্যাগ করা তাঁর অধিকার, কিন্তু এই বিবৃতিতে তিনি মুক্তধারা ফাউন্ডেশনকে নিয়ে এমন কিছু গুরুতর অভিযোগ এনেছেন যা সম্পূর্ণ উদ্দেশ্যপ্রণোদিত, ভিত্তিহীন এবং মুক্তধারা ফাউন্ডেশনের গত ৩৩ বছরের ঐতিহ্য এবং আদর্শের সঙ্গে সাংঘর্ষিক। গত তেত্রিশ বছর ধরে বাঙালীর হাজার বছরের গৌরবোজ্জ্বল সংস্কৃতি, বাংলা ভাষা এবং বাংলা সাহিত্যকে বহির্বিশ্বে ছড়িয়ে দেওয়ার ক্ষেত্রে যে সংগঠনটি সবচেয়ে বেশি অবদান রেখেছে তার নাম মুক্তধারা ফাউন্ডেশন। শুধুমাত্র বাংলা সাহিত্য, সংস্কৃতিই নয় এই সংগঠনটি কাজ করে যাচ্ছে মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রাখতে কাজ করে যাচ্ছে প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মের আত্মায় মুক্তিযুদ্ধের চেতনাকে ছড়িয়ে দিতে। তিনি তাঁর সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া বিবৃতিতে এমন কিছু অভিযোগ এনেছেন যা সম্পূর্ণ উদ্দেশ্যপ্রণোদিত এবং অনভিপ্রেত।

তিন সংস্থার সমন্বয়ে দেশ ছাড়েন হামিদ!

- গাড়িতে বসেই ইমিগ্রেশন সম্পন্ন
- ৪ কর্তাকে বলির পাঠা বানানোর অভিযোগ

প্রথম পৃষ্ঠার পর হামিদ দেশ ছেড়ে চলে যাবেন সেই তথ্য ছিল না। অথচ তিনি ভিআইপি প্রটোকল নিয়েছেন শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে। এমনকি সাবেক রাষ্ট্রপতি গাড়িতে বসেই ইমিগ্রেশন শেষ করেছেন। তার দেশত্যাগের বিষয়টি বিমানবন্দরের প্রভাবশালী তিন গোয়েন্দা সংস্থার সমন্বয়ে জানাজানি করা হয়েছিল বলে একটি সাধারণ ডায়েরিতে বলা হয়েছে। অভিযোগ উঠেছে, আবদুল হামিদের দেশত্যাগের ঘটনায় পুলিশের চার কর্তাকে বলির পাঠা বানানো হয়েছে।

শাহজালাল বিমানবন্দরে কর্মরত একটি গোয়েন্দা সংস্থার নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা দেশ রূপান্তরকে বলেন, সম্পূর্ণ নিয়ম মেনেই সাবেক রাষ্ট্রপতি থাইল্যান্ড গেছেন। তিনি আসার আগেই তার প্রটোকল অফিসাররা বিমানবন্দরে আসেন। বিষয়টি ঊর্ধ্বতনদের অবহিত করা হয়। বিমানবন্দরের প্রধান নির্বাহীও বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করেছেন। আবদুল হামিদ বিমানবন্দরে উত্তর দিক সংলগ্ন ভিআইপি গেইটের সামনে আসেন। ইমিগ্রেশন শেষ করার আগ পর্যন্ত তিনি গাড়িতেই বসা ছিলেন। প্রায় ঘণ্টাখানেকের ব্যবধানে তার সামগ্রিক কাজ শেষ হয়।

তিনি আরও বলেন, উড়োজাহাজ ছাড়ার আগ পর্যন্ত বিমানবন্দরে কর্মরত ঊর্ধ্বতনরা তার সঙ্গে ছিলেন। দফায় দফায় তার বিষয়ে ঊর্ধ্বতনদের অবহিত করা হয়। একটি সংস্থার তরফে জিডি করা হয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে লিখিতভাবে জানানোকে জিডি বলা হয়। অথচ পুলিশের চার কর্মকর্তাকে বলির পাঠা বানানো হয়েছে।

পুলিশ সূত্র জানায়, আবদুল হামিদের দেশত্যাগের আগে ও পরে কী হয়েছে সেই বিষয়ে লিখিতভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানিয়েছে একটি গোয়েন্দা সংস্থা। নোটে বলা হয়েছে, 'টিজি৩৪০ বিমানযোগে চিকিৎসার উদ্দেশ্যে ব্যাংককগামী যাত্রী মো. আবদুল হামিদ (ফরমার প্রেসিডেন্ট) ভিআইপি টার্মিনালে এলে টার্মিনাল ইনচার্জ ওসি ইমিগ্রেশন আলফা-১১ স্যারকে অবগত করেন। আলফা-১১ স্যার দুটি গোয়েন্দা সংস্থাকে অবগত করেন। একটি গোয়েন্দা সংস্থার এক সহকারী পরিচালক ও আরেকটির জিএসও-১ অনাপত্তি প্রদান করেন। দুটি গোয়েন্দা সংস্থা থেকে প্রাপ্ত অনাপত্তি ওসি ইমিগ্রেশন আলফা-১১ স্যার এসএস ইমিগ্রেশন (অপারেশন), অ্যাডিশনাল ডিআইজি ইমিগ্রেশন ও ডিআইজি ইমিগ্রেশন স্যারকে অবগত করেন। অ্যাডিশনাল ডিআইজি ইমিগ্রেশন স্যার এসবি চিফ স্যারের রেফারেন্সে ওসি ইমিগ্রেশন আলফা-১১ স্যারকে ইমিগ্রেশন সম্পন্ন করার নির্দেশ প্রদান করেন। ওসি ইমিগ্রেশন আলফা-১১ স্যার এসবির ওপরে উল্লিখিত সিনিয়র স্যারদের নির্দেশে ও দুটি গোয়েন্দা সংস্থা থেকে প্রাপ্ত অনাপত্তি সাপেক্ষে এবং ইমিগ্রেশন ফরট্র্যাক সিস্টেমে কোনো বিরূপ মন্তব্য না থাকায় ভিআইপি টার্মিনালে কর্তব্যরত ইনচার্জকে ইমিগ্রেশন করার নির্দেশ প্রদান করেন। টার্মিনাল ইনচার্জ ইমিগ্রেশন সম্পন্ন করেন। উল্লেখ্য, উক্ত যাত্রীর সঙ্গে তার পুত্র রিয়াদ আহমেদ ও তার শ্যালক ডা. এএনএম নওশাদ খান গমন করেন।'

সংশ্লিষ্টরা বলছেন, চুপিসারে নয়, বিমানবন্দরে সব গোয়েন্দা সংস্থার দায়িত্বরত কর্মকর্তাদের উপস্থিতি এবং ইমিগ্রেশনের সব আনুষ্ঠানিকতা শেষ করেই দেশ ছাড়েন সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদ। ঢাকা ত্যাগের সময় সাবেক এ রাষ্ট্রপতি ভিআইপি টার্মিনাল ব্যবহার করেন এবং সার্বিক আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে তিনি প্রায় ৪ ঘণ্টা অবস্থান করেন বিমানবন্দরে। সাবেক এই রাষ্ট্রপতি বিমানবন্দরের ভিআইপি টার্মিনালে পৌঁছার পর থেকে দেশত্যাগ পর্যন্ত কোন কর্মকর্তা কী করেছেন, কে কার সঙ্গে যোগাযোগ করে ইমিগ্রেশন সম্পন্নের নির্দেশ দিয়েছেন– এ বিষয়ে একটি গোয়েন্দা সংস্থা প্রতিবেদন তৈরি করেছে। গোপনীয় প্রতিবেদনটি সরকারের উচ্চপর্যায়ে পাঠানো হয়েছে।

তারা জানান, ২০২৩ সালের ২৩ এপ্রিল পর্যন্ত আবদুল হামিদ রাষ্ট্রপতি ছিলেন। পদাধিকারবলে তিনি কূটনৈতিক পাসপোর্ট (লাল পাসপোর্ট) ব্যবহার করতেন। পরে রাষ্ট্রপতি পদ থেকে অবসর নেওয়ার পর তিনি কূটনৈতিক পাসপোর্ট সমর্পণ করে সাধারণ পাসপোর্ট নেন। সাধারণ পাসপোর্ট ব্যবহার করেই তিনি ইমিগ্রেশন পার হন। কোনো সংস্থার কাছে আবদুল হামিদের দেশত্যাগের নিষেধাজ্ঞার বিষয়ে কোনো নির্দেশনা ছিল না। গত ১৪ জুলাই কিশোরগঞ্জ সদর থানায় জুলাই অভ্যুত্থানে হামলা ও গুলি করার ঘটনায় সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদ এবং ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তার বোন শেখ রেহানা, ছেলে সজীব ওয়াজেদ জয়, মেয়ে সায়মা ওয়াজেদ পুতুলসহ ১২৪ জনের বিরুদ্ধে মামলা হয়।

পুলিশ সদর দপ্তরে কর্মরত ডিআইজি পদমর্যাদার এক কর্মকর্তা দেশ রূপান্তরকে বলেন, সাবেক রাষ্ট্রপতির দেশত্যাগের বিষয়টি যারা জানার তারা সবাই আগ থেকেই জানতেন। চার পুলিশ কর্মকর্তাকে বিনা কারণে শাস্তি দেওয়া হয়েছে। এ ঘটনায় দায়িত্বে অবহেলার অভিযোগে ইমিগ্রেশন পুলিশের একজন অতিরিক্ত পুলিশ সুপার তাহসিনা আরিফকে প্রত্যাহার করা হয়েছে। এ ছাড়া আবদুল হামিদের বিরুদ্ধে কিশোরগঞ্জ সদর থানায় মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই আজহারুল ইসলাম এবং এসবি কর্মকর্তা মো. সোলায়মানকে সাময়িক বরখাস্ত করা হয়। তাছাড়া কিশোরগঞ্জের পুলিশ সুপারকেও প্রত্যাহার করা হয়েছে। এতে পুলিশের মনোবলে প্রভাব পড়বে।

তিনি আরও বলেন, আবদুল হামিদ বুধবার রাত ১১টায় বিমানবন্দরে আসেন। তার আসার বিষয়টি ঊর্ধ্বতনদের জানানো হয়। লুকোচুরির বিষয় ছিল না। পুলিশ সদর দপ্তর তদন্ত কমিটি গঠন করেছে। আশা করি, কমিটি প্রকৃত রহস্য উদঘাটন করে প্রতিবেদন দেবে।

এ বিষয়ে তদন্ত কমিটির প্রধান অতিরিক্ত আইজিপি (প্রশাসন) মতিউর রহমান শেখ জানান, সাবেক রাষ্ট্রপতি (আবদুল হামিদ) কীভাবে পাসপোর্ট পেয়েছেন তা খতিয়ে দেখা হবে। কারা তাকে দেশত্যাগে সহায়তা করেছেন তা উদঘাটনসহ সার্বিক বিষয় নিয়ে কাজ চলছে। এই মুহূর্তে আর কিছু বলা সম্ভব হচ্ছে না।

৪৫ দিন পর জামিনে মুক্তি পেলেন শিক্ষার্থী রুমিয়াসা

প্রথম পৃষ্ঠার পর হয়ে নিজের হাঁপানির সমস্যা বাড়ার কথা এবং সোশ্যাল মিডিয়া ও শিশুদের নিয়ে তার ডক্টরেট সম্পন্ন করার কথা বিচারকের কাছে বর্ণনা করেন তিনি।

পরে কোনো ধরনের ভ্রমণ নিষেধাজ্ঞা ছাড়াই তাকে জামিনে মুক্তির আদেশ দেন বিচারক সেশন্স। তিনি বলেন, রুমিয়াসা সমাজের জন্য কোনো ঝুঁকি নন। তাছাড়া তার পলায়নের ঝুঁকিও নেই।

তবে ইউএস ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্টের পরামর্শে মুক্তির শর্তাবলিতে যেকোনো পরিবর্তন আনতে পারেন এই বিচারক।

এর আগে গত ২৫ মার্চ ম্যাসাচুসেটসের সামারভিলে নিজের বাসা থেকে বের হলে তাকে অনেকটা ফেডারেল আইনপ্রয়োগকারীরা 'অপহরণের' কায়দায় গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হয় বলে অভিযোগ করেন রুমিয়াসার আইনজীবীরা।

তাকে গ্রেপ্তারের একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়। ওই ভিডিওতে দেখা যায়, মুখঢাকা একাধিক ব্যক্তি রুমিয়াসাকে ধরে গাড়িতে তুলে নিয়ে যাচ্ছেন, তখন তিনি চিৎকার করছিলেন।

এরপর তাকে নিউ হ্যাম্পশায়ার ও ভার্মন্টে নিয়ে যান ম্যাসাচুসেটসে আইস কর্মকর্তারা। পরে লুইজিয়ানার বাসিলের একটি আটক কেন্দ্রে পাঠানো হয় রুমিয়াসাকে এবং তার ভিসাও বাতিল করা হয়।

পরে তার আটকের বিরুদ্ধে মামলা করেন রুমিয়াসা। মামলাটি বর্তমানে ভার্মন্টের বার্লিংটনে ইউএস ডিস্ট্রিক্ট জজ উইলিয়াম সেশন্সের কাছে বিচারাধীন।

তুর্কি শিক্ষার্থীর অভিযোগ, গত বছর ইসরাইল ও গাজা যুদ্ধ সম্পর্কে তার বিশ্ববিদ্যালয়ের প্রতিক্রিয়ার সমালোচনা করে আরেকজন লেখকের সঙ্গে মিলে একটি কলাম লিখেছিলেন তিনি। এ কারণেই তাকে গ্রেপ্তার করা হয়েছে।

রুমিয়াসার এ আবেদনের প্রেক্ষিতে তার দাবির চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত তাকে জামিনে মুক্তি দেওয়া হয়েছে।

এদিকে রুমিয়াসার জামিনের খবরে উচ্ছ্বাস প্রকাশ করেন ম্যাসাচুসেটসের ডেমোক্র্যাট সিনেটর এড মার্কি। তিনি বলেন, 'এ দিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা তোমাকে ফিরে পেয়ে আনন্দিত রুমিয়াসা। তোমার লড়াই আমাদের দেশের কোটি কোটি মানুষকে গর্বিত করেছে।'

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্সসহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq

এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338

Tel: 212-695-0055, Fax: 212-695-0056, E-mail: azizbbn@yahoo.com

421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

নারী ও শিশুর প্রতি সহিংসতার ঘটনা বেড়েছে

ঢাকা ডেস্ক: যাত্রীদের বিরুদ্ধে অনৈতিক আচরণের অভিযোগে গত শুক্রবার রাতে মুন্সিগঞ্জ ঘাটে একটি লঞ্চে ভাংচুর চালায় স্থানীয় জনতা। ওই সময় লঞ্চের দুই তরুণীকে শত শত মানুষের সামনে মারধর করেন নেহাল আহমেদ ওরফে জিহাদ নামের এক যুবক। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে পুলিশ অভিযুক্ত যুবককে আটক করে। পরবর্তী সময়ে নৌ পুলিশ বাদী হয়ে জিহাদসহ অজ্ঞাতনামা ২০-২৫ জনকে আসামি করে মামলা করে।

শুধু এ ঘটনাই নয়, বিগত কয়েক মাসে নারীর প্রতি এমন একাধিক সহিংসতার ঘটনা প্রকাশ্যে এসেছে। এ সময়ে ধর্ষণসহ নারী ও শিশু নির্যাতনের অন্য ঘটনাও বেড়েছে। পুলিশের অপরাধ পরিসংখ্যানের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, শুধু গত এপ্রিলে নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটেছে ২ হাজার ৮৯টি। ২০২২ সালের সেপ্টেম্বরের পর ৩২ মাসের মধ্যে এ সংখ্যা সর্বোচ্চ। এছাড়া ২০২৪ সালের শেষ চার মাসের সঙ্গে তুলনা করে দেখা গেছে, ২০২৫ সালের প্রথম চার মাসে নারী ও শিশু নির্যাতনের ঘটনা বেড়েছে ১ হাজার ২১৮টি। ২০২৪ সালের শেষ চার মাসে ৫ হাজার ৭৯৫টি নারী ও শিশু নির্যাতনের অপরাধ সংঘটিত হয়েছিল আর ২০২৫ সালের প্রথম চার মাসে এ সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭ হাজার ১৩-তে।

বিশ্লেষকরা বলছেন, পুলিশের অপরাধ পরিসংখ্যানে উঠে আসা তথ্যের তুলনায় বাস্তব পরিস্থিতি আরো খারাপ। প্রতিনিয়ত এমন অনেক নির্যাতনের ৭-এর পৃষ্ঠায় দেখুন

মিয়ানমারে অস্থিরতা

রাখাইন থেকে রোহিঙ্গারা আসছে প্রতিদিনই



- প্রতিদিনই দুর্গম পাহাড়ি পথে ঢুকছে ৩০-৪০ জন রোহিঙ্গা।
- রাখাইনে আরাকান আর্মির বিরুদ্ধে হত্যা-নিপীড়নের অভিযোগ।
- নতুন রোহিঙ্গাদের ঠাঁই দিতে জায়গা চেয়ে সরকারকে ইউএনএইচসিআরের চিঠি।

মাইনউদ্দিন শাহেদ, *কক্সবাজার :* মিয়ানমারের রাখাইন রাজ্য থেকে দলে দলে বাংলাদেশে ঢুকছে রোহিঙ্গারা। বান্দরবানের নাইক্ষ্যংছড়ি এবং কক্সবাজারের উখিয়া ও টেকনাফ সীমান্তের কোনো না কোনো পথ দিয়ে প্রতিদিনই ৩০-৪০ জন রোহিঙ্গার অনুপ্রবেশ ঘটছে। ঢুকে পড়া রোহিঙ্গারা উখিয়া ও টেকনাফের আশ্রয়শিবিরের বিভিন্ন শেল্টার ও আত্মীয়স্বজনের বাড়িতে আশ্রয়ে রয়েছে বলে জানিয়েছে শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার (আরআরআরসি) কার্যালয়।

কক্সবাজার শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার মোহাম্মদ মিজানুর রহমান বলেন, কোনো না কোনোভাবে প্রতিদিনই রোহিঙ্গারা বাংলাদেশে ঢুকছে। ২০২৩ সালের নভেম্বরে জান্তা সরকারের সঙ্গে আরাকান আর্মির যুদ্ধবিরতি চুক্তি ভেঙে যাওয়ার পর রোহিঙ্গা-অধ্যুষিত টাউনশিপগুলোয় হামলা শুরু হয়। হামলার মুখে আবারও রোহিঙ্গারা পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিচ্ছে।

আরআরআরসি কার্যালয়ের তথ্যমতে, ২০২৩ সালের নভেম্বর থেকে চলতি বছরের ১ মে পর্যন্ত নতুন করে আসা রোহিঙ্গার মধ্যে ১ লাখ ১৮ হাজারের মতো রোহিঙ্গার নিবন্ধন শেষ হয়েছে। নিবন্ধনের অপেক্ষায় আছে আরও ৩৫ থেকে ৪০ হাজার রোহিঙ্গা। এদের মধ্যে বড় অংশ এসেছে গত বছরের মে, জুন ও জুলাই মাসে। আশ্রয় নেওয়া এই রোহিঙ্গাদের আবাসনের জন্য জায়গা চেয়ে জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা (ইউএনএইচসিআর) সরকারের কাছে চিঠি দিয়েছে। তবে ৫-এর পৃষ্ঠায় দেখুন

ট্রাম্পকে 'উড়ন্ত রাজপ্রাসাদ' জাম্বো জেট উপহার দিচ্ছে কাতার

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে একটি বিলাসবহুল জাম্বো জেট উপহার দিচ্ছে কাতারের রাজপরিবার। আনুমানিক ৪০০ মিলিয়ন বা ৪০ কোটি ডলার মূল্যের এই উড়োজাহাজটি প্রেসিডেন্ট ট্রাম্পের ব্যক্তিগত ব্যবহারের জন্যই বরাদ্দ থাকবে। ২০২৯ সালে এটি ট্রাম্প প্রেসিডেনশিয়াল লাইব্রেরি ফাউন্ডেশনের অধীনে চলে যাবে।

ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য টেলিগ্রাফের প্রতিবেদনে বলা হয়েছে, একাধিক সংবাদমাধ্যম এ তথ্য নিশ্চিত করেছে, এয়ার ফোর্স ওয়ান (আমেরিকার প্রেসিডেন্টকে বহনকারী উড়োজাহাজ) হিসেবে ব্যবহৃত হবে এই জেট। ২০২৯ সালে ট্রাম্প প্রেসিডেনশিয়াল লাইব্রেরি ফাউন্ডেশনে চলে যাওয়ায় ট্রাম্প প্রেসিডেন্টের পদ ছাড়ার পরও বেসামরিক নাগরিক হিসেবে এই জেট ব্যবহারের সুযোগ পাবেন। এমন দামি উপহার নেওয়ার সঙ্গে স্বার্থের সংঘাত থাকতে পারে বিবেচনায় ট্রাম্পের সাংবিধানিক ও নৈতিক এখতিয়ার নিয়ে প্রশ্ন উঠছে। তবে হোয়াইট হাউস এবং বিচার বিভাগের যুক্তিভ্যেহেতু এই উপহার কোনো ব্যক্তি নয়, বরং রাষ্ট্রকে দেওয়া হচ্ছে, তাই এটি সংবিধানের লঙ্ঘন নয়।

বোয়িং-৭৪৭-৮ মডেলের এই উড়োজাহাজটিকে বলা হয় 'প্যালেস ইন দ্য স্কাই' বা উড়ন্ত রাজপ্রাসাদ। এটিকে মার্কিন ইতিহাসের অন্যতম ব্যয়বহুল উপহার হিসেবে অভিহিত করা হচ্ছে।

চলতি বছর ফেব্রুয়ারিতে ওয়েস্ট পাম বিচ আন্তর্জাতিক বিমানবন্দরে কাতারের এই উড়োজাহাজটি রাখা হয়েছিল বলে জানিয়েছে বেশ কয়েকটি গণমাধ্যম।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
OPEN 24 HOURS
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।
ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com
JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com
LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com
OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

নিউইয়র্কে ৬টি বিশ্ববিদ্যালয়ের এলামনাইদের স্মরণীয় উৎসব









শেষ পৃষ্ঠায় পর

উদ্যোগে আয়োজিত এক স্মরণীয় অনুষ্ঠান।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের নেতৃত্বে গত ৩ মে, শনিবার নিউইয়র্কের ইয়র্ক কলেজের অ্যাকাডেমিক কোর অ্যাট্রিয়াম-এ অনুষ্ঠিত হয়ে গেলো এই মহোৎসব। এই আয়োজনে অংশ নেয় ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন, রাজশাহী বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন, শের-ই বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠনসমূহ।

বর্ণাঢ্য বৈশাখী শোভাযাত্রা, মুখোশ, ফুলের মালা, আলপনার নকশা আর রঙিন পতাকা নিয়ে এই শোভাযাত্রা যেন রঙে রঙে ভরে তোলে নিউইয়র্কের আকাশ। 'এসো হে বৈশাখ এসো এসো....' গান আর ঢাক-ঢোলের ছন্দে প্রাণ ফিরে পায় বাংলাদেশের গ্রামবাংলা।

উদ্বোধনী পর্ব, শুভেচ্ছা বক্তব্য ও নববর্ষ সংবর্ধনার মধ্য দিয়ে অতিথিরা স্মরণ করেন বাংলা নববর্ষের ঐতিহাসিক গুরুত্ব এবং প্রবাসে সংস্কৃতি ধরে রাখার গুরুত্ব। এরপর একে একে মঞ্চে আসে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীরা। পরিবেশনা করেন কবিতা আবৃত্তি, রবীন্দ্রসংগীত, নৃত্য ও নাট্যাংশ। এতে প্রতিটি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সাংস্কৃতিক বৈচিত্র তুলে ধরা হয়।

অনুষ্ঠানে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী, বীর মুক্তিযোদ্ধা ও লোকসংগীতের জীবন্ত কিংবদন্তি রথীন্দ্রনাথ রায়-কে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিশেষ ক্রেস্ট দেওয়ার মাধ্যমে এ বছর নববর্ষ সম্মাননা প্রদান করা হয়।

মুক্তমঞ্চের কনসার্টে জনপ্রিয় কণ্ঠশিল্পী প্রতীক হাসান তাঁর গান 'তোমার বাড়ির রঙে রঙ মেশানো দেখেছিলাম বায়স্কোপ' গেয়ে মুগ্ধ করেন দর্শকদের। বৈশাখের সন্ধ্যায় তাঁর কণ্ঠে উঠে আসে হারানো যৌবনের আবেগ, শেকড়ের টান আর বুকভরা নস্টালজিয়া। এই উৎসব শুধুই আনন্দ নয়, এটি ছিল আত্মিক সংযোগের এক অনন্য অধ্যায়। পুরোনো বন্ধুরা খুঁজে পেয়েছেন একে অপরকে, গল্পে-হাসিতে ফিরে এসেছে বিশ্ববিদ্যালয় জীবনের সেই সোনালী দিনগুলো। একদিনের এই উৎসব যেন সবাইকে ফিরিয়ে নিয়ে যায় প্রিয় বাংলাদেশের মাটিতে।

'বৈশাখী আবাহনে মানবের জয়গান' শুধু একটি অনুষ্ঠান নয়, এটি ছিল প্রবাসে বাংলা সংস্কৃতি চর্চার এক বলিষ্ঠ বার্তা। শেকড়ের প্রতি টান, ঐতিহ্যের গৌরব এবং প্রজন্মকে সম্পৃক্ত রাখার প্রয়াসই এই আয়োজনকে করে তুলেছে সত্যিকারের মহোৎসবে।

প্রবাসে থেকেও বাংলা সংস্কৃতির এমন প্রাণবন্ত রূপ তুলে ধরা নিঃসন্দেহে এক গর্বের অধ্যায়। দিনটি হয়ে উঠেছিল প্রবাসী বাংলাদেশীদের জন্য এক অপূর্ব সাংস্কৃতিক মিলনমেলা, যেখানে তারা ফিরে পেয়েছিল নিজেদের হারানো শেকড়।

নারী ও শিশুর প্রতি সহিংসতার ঘটনা বেড়েছে

৬-এর পৃষ্ঠায় পর

ঘটনা ঘটছে যেগুলো সামনে আসছে না।

এমনই একজন ভুক্তভোগী সায়মা রহমান (ছদ্মনাম)। রাজধানীর একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সায়মা গত বৃহস্পতিবার বাড্ডায় বাস থেকে নামার সময় এক তরুণের অপ্রীতিকর স্পর্শ ও মন্তব্যের শিকার হন। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে হেনস্তার ভয়ে এ ঘটনায় তিনি এখনো কোনো আইনি পদক্ষেপ নেননি। সায়মা বলেন, 'আমি তাৎক্ষণিকভাবে হতভম্ব হয়ে যাই, কী করব বুঝতে পারছিলাম না। একটু স্বাভাবিক হতে হতে ছেলেটা ভিড়ের মধ্যে হারিয়ে যায়। আমি এ রাস্তায় প্রায় তিন বছর ধরে যাতায়াত করছি, কিন্তু কখনো এমনটি ঘটেনি। ওই ঘটনার পর থেকে আমি মানসিকভাবে খুব ভেঙে পড়েছি।'

সায়মা আরো বলেন, 'এ ধরনের ঘটনায় প্রতিবাদ করতে গেলে এখন নারীদের সামাজিক যোগাযোগমাধ্যমে আরো বেশি হেনস্তার শিকার হতে হয়। এসব কারণে আইনি পদক্ষেপ নেয়ারও সাহস পাচ্ছি না।'

২০২৪ সালের প্রথম চার মাসের পরিসংখ্যান বিবেচনায় নিলে দেখা যায় ওই সময়ের তুলনায়ও চলতি বছরের প্রথম চার মাসে নারীর প্রতি অপরাধ বেড়েছে। গত বছরের তুলনায় ২০২৫ সালের প্রথম চার মাসে নারী ও শিশু নির্যাতনের ঘটনা বেড়েছে ১ হাজার ৪৬৭টি। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. রেজওয়ানা করিম স্নিগ্ধা বলেন, 'সমাজের গুরুত্বপূর্ণ জায়গাগুলো থেকে সরিয়ে দিয়ে নারীকে ঘরবন্দি করার চেষ্টা করছে একটি মহল। তারা একটি ত্রাস তৈরি করতে চাচ্ছে, যাতে নারী মনে করে ঘরে থাকাটাই তার জন্য নিরাপদ। কিন্তু তারা এটি বুঝতে পারছে না যে নারী যদি ঘরে থাকে তবে দেশ অর্থনৈতিকভাবে কতটা ক্ষতিগ্রস্ত হবে। আর সবচেয়ে হতাশাজনক হলো আমরা যে তরুণ প্রজন্মকে নিয়ে আশাবাদী হয়েছিলাম, তাদের কেউ কেউ এ মহলটির পাশে গিয়ে দাঁড়াচ্ছেন।'

তিনি আরো বলেন, 'আমাদের দেশে বিচারিক প্রক্রিয়া সহজ নয়। এটি একই সঙ্গে ব্যয়বহুল ও সময়সাপেক্ষ। আর নারীদের ক্ষেত্রে বিষয়টা আরো কঠিন। সমাজ-পরিবার বেশির ভাগ সময় বোঝানোর চেষ্টা করে হেনস্তা কিংবা নির্যাতনের শিকার হওয়ার জন্য মেয়েটিই দায়ী এবং বিচার চাইতে গেলে সামাজিকভাবে তাদের আরো বেশি সম্মানহানি ঘটবে। এসব কারণে ভুক্তভোগীদের একটি বড় অংশ নির্যাতিত হয়েও চুপ থাকেন।'

বিগত কয়েক মাসে আলোচিত কয়েকটি ঘটনা বিশ্লেষণ করে দেখা গেছে, বেশির ভাগ ক্ষেত্রেই সামাজিক যোগাযোগমাধ্যমে ভুক্তভোগী নারীকেই দোষারোপ করা হয়েছে।

রাজধানীর বনশ্রীতে ২ এপ্রিল রাতে এক নারী সাংবাদিক হেনস্তা ও মারধরের শিকার হন। ওই নারী সাংবাদিক তার ছোট ভাইকে নিয়ে জুসের দোকানে গিয়েছিলেন। এ সময় এক ব্যক্তি প্রথমে তার সঙ্গে অশোভন আচরণ করেন এবং পরে কয়েকজন যুবক এসে তাকে উত্ত্যক্ত করতে থাকেন। নারী সাংবাদিকের ছোট ভাই প্রতিবাদ করলে তাকে মারধর করে ওই যুবকরা। এ সময় ওই নারী বাধা দিতে গেলে ১০-১২ জন যুবক মিলে তাকে মারধর এবং শারীরিকভাবে লাঞ্ছিত করেন।

ওই ঘটনায় ভুক্তভোগী নারী সংবাদকর্মীর মামলার পরিপ্রেক্ষিতে তিনজনকে আটক করা হয়। কিন্তু ঘটনাটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে ওই নারী সাংবাদিকের বিরুদ্ধে ফেসবুকে নানা আপত্তিকর কথা লেখা হয়। এ ঘটনায় আটককৃতরা এক সপ্তাহ পর জামিন পেয়েছেন।

ভুক্তভোগী নারী সাংবাদিক বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী এবং সাংবাদিক পরিচয়ের কারণে আমি অনেক জায়গায় তুলনামূলক বেশি সহযোগিতা পেয়েছি। অনেক মানুষ আমার পাশে দাঁড়িয়েছেন কিন্তু এর পরও আমাকে যে মানসিক চাপের মধ্য দিয়ে যেতে হয়েছে সেটি বর্ণনাতীত। হেনস্তাকারীদের পক্ষে একটি গ্রুপ সামাজিক যোগাযোগমাধ্যমে আমাকে নিয়ে নানারকম কুরুচিপূর্ণ কথা ছড়িয়েছিল, আমার মানহানির চেষ্টা করেছে, আমার এলাকায় অবধি আমাকে নিয়ে বিভিন্ন কুরুচিপূর্ণ মিথ্যা তথ্য ছড়ানো হয়েছে, আমার নিরাপত্তা বিঘ্নিত করার চেষ্টা হয়েছে।'

তিনি আরো বলেন, 'আমি নিজের সামাজিক অবস্থানের কারণে কিছুটা এগিয়ে থাকার পরও যদি এ পরিস্থিতির মুখোমুখি হতে হয়, তাহলে বোঝাই যায় সমাজে অনগ্রসর শ্রেণীর মেয়েদের অবস্থা কতটা ভয়াবহ।'

এর আগে গত ৫ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীকে তার ক্যাম্পাসেই পোশাক নিয়ে কুরুচিপূর্ণ মন্তব্যের জেরে কেন্দ্রীয় গ্রন্থাগারের সহকারী বাইন্ডার মোস্তফা আসিফকে শাহবাগ থানায় হস্তান্তর করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। তবে এ ঘটনাতেও দেখা গেছে একদল মানুষ তার সমর্থনে রাস্তায় নেমে এসেছেন। পরে ৬ মার্চ আদালত মোস্তফা আসিফের জামিন মঞ্জুর করলে তারা আসিফকে ফুলের মালা দিয়ে বরণ করেন।

নারীর প্রতি সহিংসতা বেড়ে যাওয়ার কারণ সম্পর্কে জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজের অধ্যাপক ড. তানিয়া হক বলেন, 'এ ধরনের অপরাধের বড় কারণ আমরা এতদিনেও এমন কোনো সিস্টেম দাঁড় করাতে পারিনি, যেখানে নারী যেকোনো অবস্থায় নিরাপদ থাকবে। আমাদের এখানে আইন এখনো সবার জন্য সমান নয়, এখানে ক্ষমতায় থাকলে তার জন্য এক ধরনের ব্যবস্থা আর ক্ষমতায় না থাকলে আরেক ব্যবস্থা। তাছাড়া অভ্যুত্থান-পরবর্তী সময়ে রাষ্ট্র এখনো পুরোপুরি স্থিতিশীল হয়নি। নারীকে যেহেতু দুর্বল বিবেচনা করা হয়, তাই এমন পরিস্থিতিতে তারা তুলনামূলক বেশি নিগ্রহের শিকার হচ্ছে।'

তিনি আরো বলেন, 'এ পরিস্থিতির পরিবর্তন করতে হলে আমাদের সিস্টেমকে শক্তিশালী করতে হবে। ক্ষমতার প্রয়োগ বন্ধ করে আইনের শাসন প্রতিষ্ঠা করতে হবে এবং মানুষ যেন আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকে সেটি নিশ্চিত করতে হবে।'

বাংলাদেশে পুলিশ কর্তৃক প্রকাশিত অপরাধ পরিসংখ্যান বিশ্লেষণ করে দেখা গেছে, গত নয় মাসে নারী ও শিশুর প্রতি সহিংসতার ঘটনা ঘটেছে মোট ১৩ হাজার ৮৮০টি। এর মধ্যে এ বছরের মার্চ ও এপ্রিলে সর্বোচ্চসংখ্যক নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ড. সাজ্জাদ সিদ্দিকী বলেন, 'যেকোনো দেশে অভ্যুত্থানের পর স্বাভাবিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ফিরে আসতে কিছুটা সময় লাগে; বাংলাদেশও তার ব্যতিক্রম নয়। তবে আমাদের দেশের বড় সমস্যা হলো গত ১৫ বছরে রাষ্ট্রের প্রায় সব প্রতিষ্ঠানকে অকার্যকর ও ক্ষয়িষ্ণু করে ফেলা হয়েছে, বিশেষ করে পুলিশ বাহিনী, যারা আইন-শৃঙ্খলা রক্ষায় সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। আগের সরকার এমনভাবে এ বাহিনীকে ব্যবহার করেছে যে জনগণ তাদের ওপর আস্থা হারিয়েছে। পরিস্থিতি এখনো পুরোপুরি স্বাভাবিক হয়নি। পুলিশ সদস্যরা এখনো মনোবল নিয়ে দায়িত্ব পালনে সম্পূর্ণ প্রস্তুত নয়; তারা আইনগত পদক্ষেপ গ্রহণে দ্বিধাগ্রস্ত। ফলে অনেক ক্ষেত্রে অপরাধীরা এ সুযোগ কাজে লাগাচ্ছে। পাশাপাশি কিছু গোষ্ঠী অন্যদের ওপর 'মোরাল পুলিশিংয়ের চেষ্টা করছে। তবে আশার কথা হলো সরকার ও সমাজের অধিকাংশ মানুষ এ ধরনের কর্মকাণ্ডকে প্রশ্রয় দিচ্ছেন না।'

বর্তমান পরিস্থিতি সম্পর্কে পুলিশ সদর দপ্তরের এআইজি (মিডিয়া) ইনামুল হক সাগর বলেন, 'নারী নির্যাতন প্রতিরোধে তাৎক্ষণিক ব্যবস্থা নিতে পুলিশ হেডকোয়ার্টার্স ১০ মার্চ ২০২৫ থেকে হটলাইন চালু করেছে, যাতে দ্রুততার সঙ্গে ভিকটিমকে আইনগত সহযোগিতা প্রদান করা যায়। নারী নির্যাতনের ঘটনা এবং সংশ্লিষ্ট মামলা পুলিশ অত্যন্ত গুরুত্বের সঙ্গে তদন্ত করে থাকে। প্রতিটি থানায় নারী ও শিশু সার্ভিস ডেস্ক রয়েছে, যেখানে আগত সেবাপ্রত্যাশীদের নারী পুলিশের মাধ্যমে সেবা প্রদান করা হয়। এর পাশাপাশি আমাদের পুলিশ সদস্যরা যখন মাঠ পর্যায়ে বিভিন্ন ধরনের সভা, উঠান বৈঠক, ওপেন হাউজ ডে করেন তখন কমিউনিটিকে নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ে সচেতন করা হয়।'

তিনি আরো বলেন, 'নারী নির্যাতন প্রতিরোধে সবার সমন্বিত ভূমিকা অপরিহার্য। এক্ষেত্রে সামাজিক, পারিবারিক মূল্যবোধ জোরালো ভূমিকা রাখে।'

কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের সম্মাননা

হয়। অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের নব নির্বাচিত চেয়ারম্যান বিশিষ্ট ব্যবসায়ী শাহ নেওয়াজ-কে বিশেষ সম্মাননা প্রদান সহ সোসাইটির আরো কয়েকজন ট্রাষ্টি বোর্ড সদস্য, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ও প্রবাসের জনপ্রিয় শিল্পী এবং মিউজিয়ানদের অ্যাওয়ার্ড প্রদান করা হয়। এছাড়াও কমিউনিটিতে বাংলাদেশী সাংবাদিকতার পথিকৃৎ হিসেবে সাপ্তাহিক ঠিকানা'র সম্পাদকমন্ডলীর সভাপতি ও ভারপ্রাপ্ত সম্পাদক এবং সাবেক এমপি এম এম শাহীনকে সন্মাননা জানিয়ে তার হাতে ক্রেস্ট তুলে দেয়া হয়।

বর্ণাঢ্য ও ব্যতিক্রমী এই অনুষ্ঠান পরিচালনা করেন সাপ্তাহিক জেমিনি সম্পাদক বেলাল আহমেদ। অনুষ্ঠানের অতিথিরা অ্যাওয়ার্ড প্রাপ্তদের হাতে ক্রেস্ট তুলে দেন। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের মধ্যে সাবেক এমপি এম এম শাহীন, বিমিষ্ট ব্যবসায়ী শাহ নেওয়াজ, মূলধারার রাজনীতিক এটর্নী মঈন চৌধুরী, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী প্রমুখ শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং প্রবাসের জনপ্রিয় শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন। নৈশভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। প্রাকৃতিক দূর্যোগের মধ্যেও বিপুল প্রবাসী বাংলাদেশী অনুষ্ঠানে যোগ দেন এবং উপভোগ করেন।

অনুষ্ঠানে অতিথি বক্তারা শত বাধা-বিপত্তি অতিক্রম করে দীর্ঘ ১০ বছরের পথ চলায় জেমিনি ম্যাগাজিন ও এর সম্পাদক বেলাল আহমেদের প্রশংসা করেন। পাশাপাশি বক্তারা নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা ভাষার মিডিয়াগুলোকে বাঁচিয়ে রাখার জন্য সমাজের সামর্থবান ব্যাক্তিদের এগিয়ে আসার আহবান জানান।

অনুষ্ঠানে যাদের হাতে 'জেমিনি অ্যাওয়ার্ড-২০২৫' তুলে দেয়া হয় তারা হলেন: বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান শাহ নেওয়াজ, সাবেক এমপি ও সাপ্তাহিক ঠিকানা'র সম্পাদকমণ্ডলীর সভাপতি এম এম শাহীন, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম এবং সাধারণ সম্পাদক ও কমিউনিটি বোর্ড মেম্বার মোহাম্মদ আলী, সাপ্তাহিক নবযুগ সম্পাদক শাহাব উদ্দীন সাগর, খান'স টিউটিরিয়াল-এর চেয়ারপারসন নাইমা খান, ফোবানা ২০২৫-এর কনভেনর, বিশিষ্ট সংগঠক ও ফোবানার সাবেক মেম্বার সেক্রেটারী আবু জোবায়ের দারা, সোসাইটির ট্রাষ্টি ও কমিউনিটি বোর্ড মেম্বার কাজী সাখাওয়াত হোসেন আজম, জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি, সোসাইটির ট্রাষ্টি এবং কমিউনিটি বোর্ড মেম্বার ফখরুল ইসলাম দেলোয়ার, জ্যামাইকা বাংলাদেশ এসোসিয়েশনের সিনিয়র সহ সভাপতি, সোসাইটির ট্রাষ্টি এবং কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবিব, জ্যামাইকা বাংলাদেশ এসোসিয়েশন-এর সাধারণ সম্পাদক রাব্বি সৈয়দ, নিউইয়র্ক সিনিয়র অ্যাডাল্ট ডে কেয়ার-এর চিফ ফিনান্সিয়াল অফিসার এবং সাপ্তাহিক ইনকিলাব সম্পাদক জাহিদ আলম, নিউইয়র্ক সিনিয়র অ্যাডাল্ট ডে কেয়ার-এর লাইফ হেলথ ইনসুরেন্স এজেন্ট ও নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট-এর সার্জেন্ট ফুয়াদ হোসাইন, নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট-এর সার্জেন্ট হুমাইয়ুন কবির এবং গ্যালাক্সি মিডিয়ার প্রেসিডেন্ট ও সিইও বদরুদ্দোজা সাগর এবং ইএসপিএন টেকনোলজির লীড সফটওয়্যার ইঞ্জিনিয়ার মোহাম্মদ জাহিদ সোহেল।

এছাড়াও সঙ্গীত শিল্পী হিসেবে যারাদের অ্যাওয়ার্ড প্রদান করা হয় তারা হলেন: রানো নেওয়াজ, শাহ মাহবুব, চন্দন চৌধুরী, কৃষ্ণা তিথী, অনিক রাজ ও সবিতা দাস এবং মিউজিশিয়ান শিল্পী হিসেবে অ্যাওয়ার্ড প্রদান করা হয় এ এম এম নেওয়াজ শরীফ, মোহাম্মদ শাহাদাত ওসমান, সৌরভ দাস, মোহাম্মদ সাইদুর রহমান ও মানিক আহমেদ।

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
646-920-4799
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেস্ট রেট কম ● ইনভেস্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাস্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত
139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কলভেন্ট এডিনিটির অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
আব্দুর রহিম হাওলাদার প্রেসিডেন্ট
■ Road Lesson Local & H.Way
■ Road Test Appointment
■ Car for Road Test
■ 5 Hours Class Certificate (Zoom Class)
■ 6 Hours DDC Class
■ Good For TLC, Insurance & Point Redaction.
(Operate by JH office)
Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!
৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।
প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান
বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩
যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান
আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com
POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
25 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদেও সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে চৌধুরী হাসানের প্রশ্নঃ আমি একজন গ্রিনকার্ডধারী। আমি পরিকল্পনা করেছি আমার ঠিকানা পরিবর্তন করার জন্য। কারণ, আমি নিউইয়র্ক থেকে পাশের একটি স্টেটে আমার আত্মীদের সাথে বসবাস করতে ইচ্ছুক। এ ব্যাপাওে কোন অসুবিধার সৃষ্টি হতে পাওে কিনা?

চৌধুরী হাসানের প্রশ্নের উত্তর ঃ ঠিকানা পরিবর্তনের রিপোর্টেও জন্য যা যা দরকার। আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে– গ্রিনকার্ডধারীসহ অধিকাংশ বিদেশী নাগরিকদের ঠিকানা পরিবর্তন করে নতুন জায়গায় গেলে ১০ দিনের মধ্যে পরিবর্তিত নতুন ঠিকানার তথ্য ইউএস সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেসকে (ইউএসসিআইএস) জানাতে হবে।

প্রক্রিয়াটি খুবই সহজ, ফ্রি এবং এআর-১১ ফরম অনলাইনে পূরনের মাধমেও করা যায়। বাস্তবিকভাবে যদিও ইউএস সিআইএস ঠিকানা পরিবর্তনের এই প্রক্রিয়া লংঘনের জন্য কাউকে শাস্তি দেয় না। তবে এই আইনের অধীনে ইমিগ্রেশন এই আইন অনুসরণ না করার জন্য গ্রিনকার্ড বাতিল করে দিতে পারে।

এছাড়াও আপনার সঙ্গে আপনার ইমিগ্রেশন ডকুমেন্ট রাখা জরুরী, ইমিগ্রেশন স্ট্যাটাস নিশ্চিত করার জন্য। উদাহরণস্বরূপ– গ্রিনকার্ডের একটি কপি, আই-৯৪ অথবা ইউএসসিআইএস-এ আপনার কেস ইমিগ্রেশনে পেন্ডিং থাকার রশিদ সাথে রাখলেও হবে।

এ বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে– যা আমরা এর আগেও উল্লেখ করেছি যে– ইমিগ্রেশন স্ট্যাটাস ডকুমেন্টস এবং ঠিকানা পরিবর্তনের তথ্যপত্র নিজের কাছে রাখুন। এ বিষয়ে বিংবা ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এর্টনীর সাথে আলোচনা করতে পারেন। ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নীর সহযোগিতা সঠিক পথে এগোতে সাহায্য করে থাকে।

নিউইয়র্ক থেকে হাসানুল খানের প্রশ্নঃ আমি একজন ইউএস সিটিজেন। আমি বাংলাদেশে বিয়ে করেছি। আমি আমার স্ত্রীকে এদেশে আনতে চাই। ইমিগ্রেশন বিষয়ে আমি তেমন অভিজ্ঞ নই। এ কারণে আপনার পরামর্শ কামনা করছি। আশা করি, আপনার পরামর্শ পাব।

হাসানুল খানের প্রশ্নের উত্তর ঃ আপনি একজন ইউএস সিটিজেন। আপনি বাংলাদেশে বিয়ে করেছেন এবং আপনার স্ত্রীর জন্যে আবেদন করতে চান।

আপনার স্ত্রীর জন্যে আবেদন করতে নিম্নে উল্লেখিত তথ্যপত্র প্রয়োজনঃ

১। ম্যারেজ সার্টিফিকেট, ২। ডিভোর্স লেটারের কপি, ৩। আপনার সিটিজেনশীপের কপি, ৪। আপনার এবং আপনার স্ত্রীর ২ কপি করে ছবি। তারপর এফিডেভিট অব সাপোর্টের জন্যে লাগবে নিম্নে উল্লেখিত তথ্যপত্র– ১) ট্যাক্স রিটার্নেও কপি (ডব্লিউ টু ফরম), ২) জব লেটার, ৩) ব্যাংকের চিঠি, ৪) সিটিজেনশীপের কপি।

ইমিগ্রেশনে কেস ফাইল করার ব্যাপারে কিছু উল্লেখ করা দরকার। ইমিগ্রেশনের অধিকাংশ কেস ফাইল করা খুব সহজ। ইমিগ্রেশনের ওয়েব সাইট ও অনেক সহায়ক চার্টটি সতর্কতার সাথে দেখে নেবার জন্য পরামর্শ দেয়া হয়। এখানে সুনির্দিষ্ট কোন প্রশ্ন থাকলে ইউএস সিআইএস এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ইমিগ্রেশন ফর্ম সম্পূর্ণ পূরণ করার পর কেস শুরু হতে পারে। সম্পূর্ণভাবে ও সঠিকভাবে ফরম পূরণ করা গুরুত্বপূর্ণ। ফরমে দেয়া নির্দেশাবলী আবেদনকারীকে ভালো করে পড়ে অনুসরণ করতে হবে। আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে সঠিক স্থানে। সঠিক ইমিগ্রেশন ফিস দিতে হবে।

ইমিগ্রেশন মেইলে আবেদন করা যায়। অন লাইনেও আবেদন করা যায়। আবার উল্লেখ করছি ফরমে যা যা তথ্য চাওয়া হয়েছে সেগুলো অবশ্যই সঠিক ভাবে দিতে হবে।

মে ২০২৫ ভিসা বুলেটিনঃ ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) মে ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। মে ২০২৫'র পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা তুলে ধরা হলো।

উল্লেখ্য যে, "ফাইনাল এ্যাকশন ডেট" বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ নির্ণয় হবে ঐ তারিখের পূর্বে।

মে ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে খুব সামান্য অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্সেসঃ

প্রথমঃ (এক ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যাঃ মার্চ ১৫, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ.(এফ ২) : পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), এবং ২১ নিম্ন বয়সের সন্তান, জানুয়ারি ০১, ২০২২।

বি. (এফ ২বি): পার্মানান্ট রেসিডেন্সদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সি) মে ২২, ২০১৬।

তৃতীয়ঃ (এফএ) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা, এপ্রিল ১ ২০১১।

চতুর্থঃ (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই বোন, আগষ্ট ০১, ২০০৭।

পারিবারিক ও চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট এর ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো। যাতে তিনি আপনার সাথে আলাপ করে সঠিক ও ভালো পরামর্শ দিতে পারবেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ
২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইলঃ kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, OB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *প্র্যাক্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



আমরা বাংলায় কথা বলি

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

আওয়ামী লীগ নিষিদ্ধ: রাজনীতিতে চাঞ্চল্য

প্রথম পৃষ্ঠার পর

গণতান্ত্রিক শাসন ব্যবস্থা। দলটির কার্যক্রমের প্রতি মানুষের ক্ষোভ আর হতাশা থেকেই গড়ে উঠে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, যা পরে দেশের ইতিহাসের সবচেয়ে বড় গণ-আন্দোলনে রূপ নেয়।

জুলাই-আগস্টে ছাত্র-জনতার আন্দোলনে বর্বর গণহত্যার দায়ে ৫ই আগস্টের পরই আওয়ামী লীগ নিষিদ্ধের আওয়াজ উঠে বিভিন্ন পক্ষ থেকে। গণহত্যা ও লুটপাটে জড়িত দলটির নেতাকর্মীদের বিচারে ইতিমধ্যে সরকারের তরফে নানা উদ্যোগ নেয়া হয়েছে। কিন্তু সেই উদ্যোগের ধীরগতিতে হতাশ জুলাই-আগস্টের আন্দোলনে অংশ নেয়া পক্ষগুলো। ইতিমধ্যে আওয়ামী লীগের শীর্ষ অনেক নেতা দেশ ছেড়ে পালিয়েছেন। সর্বশেষ আওয়ামী লীগ সরকারের দুই মেয়াদের সাবেক প্রেসিডেন্ট আবদুল হামিদ দেশ ছাড়ায় ক্ষোভ ছড়িয়ে পড়ে সর্বত্র। নতুন করে আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে আন্দোলন শুরু হয় সারা দেশে। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বাসভবন যমুনার সামনে অবস্থান থেকে পরে শাহবাগে টানা দুইদিনের অবস্থান কর্মসূচি পালন করে বিভিন্ন দল ও সংগঠন। তাদের জোরালো দাবি ও কর্মসূচির জেরেই শনিবার আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধের সিদ্ধান্ত নেয় অন্তর্বর্তীকালীন সরকার। আওয়ামী লীগকে নিষিদ্ধ করা নিয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে ছিল নানা আলোচনা। নবগঠিত জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), জুলাই অভ্যুত্থানে অংশ নেয়া বিভিন্ন পক্ষ, জামায়াতসহ বিভিন্ন ইসলামী দল আওয়ামী লীগ নিষিদ্ধের জোরালো দাবি জানিয়ে আসছিল। তবে দেশের প্রধান রাজনৈতিক দল বিএনপি সরাসরি আওয়ামী লীগ নিষিদ্ধের বিরোধী ছিল। দলটির পক্ষ থেকে কয়েক দফা প্রধান উপদেষ্টাকে এ বিষয়ে পরামর্শ দেয়া হয়। বিএনপি'র দাবি ছিল গণহত্যা ও লুটপাটে জড়িত আওয়ামী লীগের নেতাদের বিচার নিশ্চিত করা এবং বিচারিক প্রক্রিয়ার মাধ্যমে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করা। সর্বশেষ অন্তর্বর্তীকালীন সরকার যে সিদ্ধান্ত নিয়েছে বিএনপি এমনটাই দাবি করে আসছিল। সরকারের এ সিদ্ধান্তকে বিএনপি স্বাগত জানিয়েছে। আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণার পরপরই আনন্দ মিছিল করে জামায়াতে ইসলামী। দলটির নেতাকর্মীরা রাতে শোকরানা নামাজও আদায় করেন। দলটির আমীর রাতে তাৎক্ষণিক জমায়েতে বক্তব্যও রাখেন। সরকারি সিদ্ধান্তের পর কিছুটা সময় নিলেও জাতীয় নাগরিক পার্টির নেতাকর্মীরা শেষ রাতে শাহবাগের অবস্থান তুলে নিয়ে বাড়ি ফিরে যান। আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণার সরকারি সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়েছে অন্যান্য রাজনৈতিক দল। আওয়ামী লীগের মতো তাদের সহযোগী অন্যান্য দলের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ারও দাবি জানাচ্ছে এসব দল।

ওদিকে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণার পর রাজনীতিতে চলছে নানা আলোচনা। দেখা দিয়েছে চাঞ্চল্য। দলটির ভবিষ্যৎ কী হবে, রাজনৈতিক দল হিসেবে নিবন্ধন থাকবে কিনা, না থাকলে আসন্ন জাতীয় নির্বাচনে এই দলটির নেতাকর্মীদের অবস্থান কী হবে- এমন নানা প্রশ্ন সামনে আসছে। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, সরকারি সিদ্ধান্তের কারণে কার্যত আওয়ামী লীগ নিষিদ্ধ হয়ে গেছে। সামনে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দলটির শীর্ষ নেতাদের বিচার হবে। ব্যক্তির অপরাধের বিচারের সঙ্গে সংগঠনের বিচারের এখতিয়ারও এই ট্রাইব্যুনালকে দেয়া হয়েছে। দলটির শীর্ষ নেতারা গণহত্যার দায়ে দণ্ডিত হলে দল হিসেবে আওয়ামী লীগও শাস্তির মুখে পড়বে। দলটির কার্যক্রম স্থায়ীভাবে নিষিদ্ধ ঘোষিত হতে পারে। সম্ভাব্য এমন পরিস্থিতি মাথায় রেখে দলটির নেতাকর্মীরাও চিন্তিত। দল নিষিদ্ধ থাকলে জাতীয় নির্বাচনে আওয়ামী লীগ বা দলটির নেতাদের অংশ নেয়ার পথ রুদ্ধ হয়ে যাবে। বিশেষ করে নির্বাচনের আগে বিচার প্রক্রিয়া জোরালো হলে শীর্ষ অনেক নেতা এমনিতে নির্বাচনের অযোগ্য হয়ে পড়ার আশঙ্কা রয়েছে। এমন পরিস্থিতিতে সামনের রাজনীতিতে আওয়ামী লীগ ছাড়া নয়া এক বাস্তবতা তৈরি হয়েছে। মাঠের রাজনীতিতে এখন প্রধান দল বিএনপি এবং জামায়াত। নবগঠিত জাতীয় নাগরিক পার্টি দলীয় অবস্থান শক্ত করার চেষ্টা চালাচ্ছে। চরমোনাই'র পীরের নেতৃত্বাধীন ইসলামী আন্দোলন ইসলামী দলগুলোর একটি নির্বাচনী মোর্চা গঠনের চেষ্টা করছে। ভোটের মাঠে এই মোর্চা একটি গুরুত্বপূর্ণ ফ্যাক্টর হয়ে উঠতে পারে। আগামী নির্বাচনে বিএনপি যুগপৎ আন্দোলনের জোট সঙ্গীদের নিয়ে লড়বে- এমনটা বলা হচ্ছে। জামায়াত কোনো জোট গড়বে নাকি এককভাবে নির্বাচন করবে- তা এখনো স্পষ্ট নয়। এনসিপি'র অবস্থাও একই। এ ছাড়া অন্যান্য দলগুলোর মধ্যে জোট গড়ার প্রচেষ্টা রয়েছে। দলের কার্যক্রম নিষিদ্ধ হলেও ভোটের মাঠে আওয়ামী লীগের অবস্থান কোনো না কোনোভাবে থেকে যাবে বলে মনে করা হচ্ছে। নির্বাচনের সময় দলটির নেতাকর্মীদের কৌশল ভোটের মাঠের পরিস্থিতিও বদলে দিতে পারে। বিশেষ করে রাজনীতির ময়দানে আওয়ামী লীগের নেতাকর্মীদের গন্তব্য কী হবে- এটিও একটি গুরুত্বপূর্ণ বিষয়। ইতিমধ্যে দলটির অনেক নেতাকর্মী বিভিন্ন দলে ভিড়তে শুরু করেছেন।

যদিও আগামী নির্বাচন নিয়ে এখনো অনিশ্চয়তার ঘোর কাটেনি। অন্তর্বর্তীকালীন সরকার নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করতে পারেনি। গণহত্যার দায়ে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করার পর নতুন গুঞ্জন বাতাসে ভেসে বেড়াচ্ছে। সরকারের মেয়াদ বাড়ানোর চেষ্টা হচ্ছে এমন কথাও বলছেন কেউ কেউ। রাজনীতিতে মাইনাস ফর্মুলার আলোচনাও জারি আছে। এমন অবস্থায় সামনে রাজনৈতিক পরিস্থিতি কোথায় গিয়ে দাঁড়ায় তা এখনই নিশ্চিত করে বলা যাচ্ছে না।

বিচার হবে ট্রাইব্যুনালে

জুলাই গণহত্যায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আওয়ামী লীগ ও এর নেতাদের বিচার কাজ শেষ না হওয়া পর্যন্ত দলটি কার্যক্রম নিষিদ্ধ করেছে অন্তর্বর্তী সরকার। স্থানীয় সময় শনিবার রাতে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে তাঁর সরকারি বাসভবন যমুনায় উপদেষ্টা পরিষদের বিশেষ সভায় এ সিদ্ধান্ত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় পরিপত্র পরবর্তী কর্মদিবসে জারি করা হবে।

এর পাশাপাশি উপদেষ্টা পরিষদের বৈঠকে আগামী ৩০ কার্যদিবসের মধ্যে জুলাই ঘোষণাপত্র চূড়ান্ত করে প্রকাশ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বৈঠকের পর গ উপদেষ্টা পরিষদের বিবৃতিতে বলা হয়, 'দেশের নিরাপত্তা ও সার্বভৌমত্ব রক্ষা, জুলাই অভ্যুত্থানের নেতাকর্মীর নিরাপত্তা এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বাদী ও সাক্ষীদের সুরক্ষার জন্য সন্ত্রাসবিরোধী আইনের অধীনে সাইবার স্পেসসহ আওয়ামী লীগের যাবতীয় কার্যক্রম নিষিদ্ধ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।' এর আগে যমুনার সামনে আয়োজিত সংবাদ সম্মেলনে সভার সিদ্ধান্ত জানান আইন উপদেষ্টা আসিফ নজরুল। দেড় মিনিটের বক্তব্যে তিনি সরকারের সিদ্ধান্ত পড়ে শোনান। কোনো প্রশ্নের জবাব দেননি।

আসিফ নজরুল বলেন, উপদেষ্টা পরিষদের বৈঠকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইনের সংশোধনও অনুমোদিত হয়েছে। সংশোধনী অনুযায়ী, ট্রাইব্যুনাল কোনো রাজনৈতিক দল, এর অঙ্গসংগঠন ও সমর্থক গোষ্ঠীকে সাজা দিতে পারবে।

এর আগে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে আওয়ামী লীগ নিষিদ্ধের ঘোষণা এসেছিল। ২৬ মার্চ স্বাধীনতার ঘোষণার পর দলটিকে নিষিদ্ধ করেন পাকিস্তানের প্রেসিডেন্ট ইয়াহিয়া খান। দেশ স্বাধীন হওয়ার পর এবারই প্রথম আওয়ামী লীগের কার্যক্রমের ওপর নিষেধাজ্ঞা এলো।

বৈঠক সূত্র জানায়, উপদেষ্টা পরিষদে অনুমোদিত সংশোধনী অনুযায়ী, মানবতাবিরোধী অপরাধে যুক্ত দল বা সংগঠনকে বিচার করতে পারবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। জুলাই ঘোষণাপত্র এবং বিচারে জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠায় এবং পরবর্তী করণীয় নির্ধারণে সোমবার রাজনৈতিক দলগুলোকে নিয়ে সর্বদলীয় বৈঠকে বসতে যাচ্ছে সরকার।

আওয়ামী লীগকে নির্বাহী আদেশে নিষিদ্ধ ঘোষণা, বিচারের মুখোমুখি করতে আইন সংশোধন এবং জুলাই ঘোষণাপত্রের দাবিতে গত বৃহস্পতিবার রাতে আন্দোলনে নামেন জুলাই অভ্যুত্থানের নেতাকর্মীরা। শুক্রবার বিকেল পর্যন্ত যমুনার সামনে বিক্ষোভ এবং সমাবেশের পর তারা শাহবাগ অবরোধ করে টানা অবস্থান নেন।

'ফ্যাসিবাদবিরোধী জাতীয় ঐক্য'-এর ব্যানারে লাগাতার এ আন্দোলনে নেতৃত্ব দিচ্ছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতারা। উপদেষ্টা পরিষদের বৈঠক চলাকালে আন্দোলনকারীরা আওয়ামী লীগকে নিষিদ্ধের সুনির্দিষ্ট রোডম্যাপের দাবিতে শাহবাগে অবস্থান করছিলেন। রাত ১০টার দিকে তারা যমুনার কাছাকাছি হোটেল ইন্টারকন্টিনেন্টাল মোড়ে অবস্থান নেন। উপদেষ্টা পরিষদের সিদ্ধান্ত ঘোষণার পর অবস্থানকারীরা উল্লাস করেন শাহবাগে।

স্থানীয় সরকার উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্ট থেকে জানান, 'বিচারিক প্রক্রিয়ায় চূড়ান্তভাবে নিষিদ্ধ হওয়াই অধিকতর গ্রহণযোগ্য ও স্থায়ী বন্দোবস্ত। এবং তা করার জন্য ছাত্র-জনতার দাবি অনুযায়ী আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইনে যাবতীয় সংশোধন করা হয়েছে'।

আইনে কী সংশোধন

মানবতাবিরোধী অপরাধের বিচারে ১৯৭৩ সালে প্রণীত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইন ২০১০ সালে সংশোধন করে তৎকালীন শেখ হাসিনা সরকার। মুক্তিযুদ্ধে মানবতাবিরোধী অপরাধের জন্য জামায়াত এবং বিএনপি নেতাদের বিচার করা হয় এই আইনে গঠিত ট্রাইব্যুনালে।

ক্ষমতাচ্যুত হয়ে ভারতে পালিয়ে যাওয়া আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাসহ দলটির জ্যেষ্ঠ নেতাদের বিরুদ্ধে জুলাই গণহত্যার অভিযোগে ট্রাইব্যুনালে মামলা হয়েছে। জাতিসংঘের তথ্যানুসন্ধান প্রতিবেদনে জুলাইয়ে মানবতাবিরোধী অপরাধের প্রমাণ পাওয়ার কথা বলা হয়েছে।

সরকারি চাকরিতে কোটা পুনর্বহালের প্রতিবাদের আন্দোলনে তৎকালীন আওয়ামী লীগ সরকার নজিরবিহীন হত্যাযজ্ঞ চালালে তা অভ্যুত্থানে রূপ নেয়। জাতিসংঘের প্রতিবেদন অনুযায়ী, ১৩২ শিশুসহ অন্তত ১ হাজার ৪০০ মানুষ নিহত হয়েছেন অভ্যুত্থানে। শেখ হাসিনা এই হত্যাযজ্ঞের মূল হোতা। হত্যাযজ্ঞে আইনশৃঙ্খলা বাহিনীর সহযোগীর ভূমিকায় ছিল আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগসহ বিভিন্ন সংগঠন। গত অক্টোবরে সন্ত্রাসবিরোধী আইনে ছাত্রলীগকে নিষিদ্ধ করা হয়। তবে জাতিসংঘের প্রতিবেদনে কোনো রাজনৈতিক দলকে নিষিদ্ধ না করার সুপারিশ করা হয়েছিল।

পরের মাসে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইনে আট পরিবর্তনের উদ্যোগ নেয় সরকার। গত ২০ নভেম্বর প্রধান উপদেষ্টার সভাপতিত্বে উপদেষ্টা পরিষদ আইন সংশোধনে অনুমোদন দিলেও মানবতাবিরোধী অপরাধী দল বা সংগঠনকে নিষিদ্ধের প্রস্তাব বাদ দেওয়া হয়। খসড়ায় অপরাধী সংগঠনকে ১০ বছর নিষিদ্ধের প্রস্তাব করা হয়েছিল। সরকারি সূত্র জানিয়েছে, সংশোধনী অনুযায়ী, দোষী সংগঠনকে ১০ বছরের জন্য নিষিদ্ধ করতে পারবেন আদালত।

নভেম্বরে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছিল, উপদেষ্টা পরিষদের সর্বসম্মতি না থাকায় রাজনৈতিক দলকে নিষিদ্ধের বিধান রাখা হয়নি। সরকারি সূত্র জানিয়েছিল, মানবাধিকার অধিকারকর্মী হিসেবে কাজ করেন এমন তিনজন উপদেষ্টা রাজনৈতিক দল নিষিদ্ধের বিধান যুক্তের বিরোধী ছিলেন।

গত বুধবার রাতে আওয়ামী লীগ মনোনীত সাবেক রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ হত্যা মামলার আসামি হয়েও নির্বিঘ্নে বিদেশ চলে যাওয়ায় জুলাই অভ্যুত্থানের শক্তিগুলো ফের মাঠে নামে। আওয়ামী লীগকে ৯ মাসেও নিষিদ্ধ না করায় সরকারের সমালোচনা করে উপদেষ্টাদের পদত্যাগের দাবি তোলা হয়।

আওয়ামী লীগের ইতিহাস

১৯৪৯ সালের ২৩শে জুন পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ নামে দলটির যাত্রা শুরু হয়। দলটির প্রতিষ্ঠাতা সভাপতি মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী ও সাধারণ সম্পাদক শামসুল হক। আর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা যুগ্ম সাধারণ সম্পাদক ছিলেন। ১৯৫৫ সালে দলটির নাম থেকে মুসলিম শব্দটি বাদ দেয়া হয়। দীর্ঘ রাজনৈতিক পরিক্রমায় ১৯৭১ সালের মুক্তিযুদ্ধেও দলটির গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল।

সে সময়কার কর্মকাণ্ডের জন্য '৭১-এর ২৬শে মার্চ পাকিস্তানের তৎকালীন প্রেসিডেন্ট ইয়াহিয়া খান আওয়ামী লীগকে নিষিদ্ধ করেন। স্বাধীনতা যুদ্ধে আওয়ামী লীগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখলেও স্বাধীনতা পরবর্তী নানা বিতর্কিত কর্মকাণ্ডে অভিযুক্ত হয় দলটি। আওয়ামী লীগের নেতৃত্বে বাকশাল কায়েমের মাধ্যমে সব রাজনৈতিক দলকে নিষিদ্ধ করেছিলেন শেখ মুজিবুর রহমানের নেতৃত্বাধীন সরকার।

তার মেয়ে শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগের সর্বশেষ টানা ১৬ বছরের শাসনামল দেশের ইতিহাসে গুম, খুন আর লুটপাটের রেকর্ড গড়ে। ক্ষমতায় থাকতে বিনা ভোট, রাতের ভোটের নির্বাচন করে ফ্যাসিবাদী হয়ে উঠেন শেখ হাসিনা। সর্বশেষ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন দমনে নৃশংসতম গণহত্যা চালিয়েও ঘৃণ্য ইতিহাস তৈরি করে দলটি। প্রবল গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতন হয়। দেশ ছেড়ে ভারতে পালিয়ে যান শেখ হাসিনা। দেশ ছেড়ে পালান দলের প্রায় সব শীর্ষ নেতা। যারা দেশে আছেন তারাও রয়েছেন আত্মগোপনে।

এরপর থেকেই ছাত্র-জনতা গণহত্যার অপরাধে আওয়ামী লীগ নিষিদ্ধের দাবি তুলে আসছে। ২৩শে অক্টোবর সন্ত্রাসী সংগঠন হিসেবে আওয়ামী লীগের ছাত্রসংগঠন ছাত্রলীগকে নিষিদ্ধ করে অন্তর্বর্তী সরকার। গণহত্যার অভিযোগে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দলটির শীর্ষ নেতাদের বিরুদ্ধে গণহত্যার মামলা হয়েছে। এসব মামলার বিচার কার্যক্রম দ্রুত করতে দ্বিতীয় ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে।



বর্ণাঢ্য আয়োজনে গ্রেটার গোপালগঞ্জ এসোসিয়েশন অব নিউজার্সীর কর্মকর্তারা অভিষিক্ত







হয়। এ উপলক্ষ্যে শনিবার (১০ মে) বিকেলে পেটারসনের একটি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পেটারসন সিটির মেয়র অ্যান্ড্রে শায়েগ। এছাড়াও বিশেষ অতিথি ছিলেন সিটি কাউন্সিলম্যান শাহীন খালিক ও ইব্রাহীম ওমর এবং কাউন্সিলম্যান এট লার্জ মোহাম্মদ ফরিদ উদ্দিন ও কাউন্সিলওম্যান এট লার্জ মারিটজা দাভিলা।

অনুষ্ঠানে আমেরিকান অতিথিদের মধ্যে ছিলেন ডেমোক্র্যাটিক পার্টিও গভর্ণর পদপাথ র্ী মিককী শেরীল, ডেমোক্র্যাটিক পার্টির প্যাসাইক কাউন্টির চেয়ারম্যান জন কুড়ি, অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট ৩৫-এর সদস্য আল আবদেলাজীজ, একই আসনের অ্যাসেম্বলী সদস্য পদপ্রার্থী ওরল্যান্ডো ক্রুজ, প্যাসাইক কাউন্টির কমিশনার মাইক রামাজলিয়া ও ক্রিস্টিনা স্কার্টজ,

মিলনায়তনের বাইরে রং বে রং এর এক গুচ্ছ বেলুন উড়িয়ে অনুষ্ঠান শুরু হয়। এরপর এসোসিয়েশনের সভাপতি মোহাম্মেদ মোজাম্মিল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানের মূল মঞ্চে পবিত্র কুরআন থেকে তেলাওয়াতের পর বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়। কুরআন থেকে তেলাওয়াত করেন রাইয়ান মুহিব উদ্দিন।





এরপর অনুষ্ঠান আয়োজক কমিটির প্রধান আহবায়ক আবুল কালাম ও সদস্য সচিব মোহাম্মদ কামালের উপস্থিতিতে নবগঠিত কার্যকরী পরিষদকে শপথ পাঠ করান প্রফেসর আবু তাহের জাবেদ। স্বাগত বক্তব্য রাখেন সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক জুনেদ রহমান।

অনুষ্ঠানে অতিথি ছাড়াও অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন উপদেষ্টামন্ডলীর সদস্য আলাউর খন্দকার, মোহাম্মদ সফিক উদ্দিন ভিপি, আয়োজক কমিটির আহ্বায়ক আবুল কালাম আজাদ ও সদস্য সচিব মোহাম্মদ কামাল, রফিকুল ইসলাম, প্রফেসর আবুতাহের জাবেদ প্রমুখ।

অনুষ্ঠানে নতুন কর্মকর্তাদের ক্রেস্ট প্রদান এবং সগঠনের 'গোলাপ উদয়' শীর্ষক ম্যাগাজিনের মোড়ক উন্মোচন করা হয়। অনুষ্ঠান পরিচালানা করেন সংগঠনের সাধারণ সম্পাদক আদিলুল হক জোয়ারদার।

অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বে স্থানীয় শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন। বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অনুষ্ঠানটি উপভোগ করেন।



























Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন

বাংলাদেশ সোসাইটি ইনক'র

বোর্ড অব ট্রাষ্টি নির্বাচিত হওয়ায়

ডা. এনামুল হক-কে



জানাই আন্তরিক শুভেচ্ছা

শুভেচ্ছান্তে: ব্রুকলীন প্রবাসী বাংলাদেশী

বর্ণাঢ্য আয়োজনে অভিষিক্ত হলেন কুলাউড়া এসোসিয়েশন'র নব নির্বাচিতরা













শেষ পৃষ্ঠায় পর সর্বস্তরের বিপুল সংখ্যক কুলাউড়াবাসী অনুষ্ঠানে যোগ দেন। এছাড়াও কমিউনিটির শীর্ষ স্থানীয় নেতৃবৃন্দের উপস্থিতিতে সব মিলিয়ে কুইন্স প্যালেস মিলনমেলায় পরিণত হয়।

তিন পর্বে আয়োজিত অনুষ্ঠানের প্রথম পর্বে ছিলো শপথ গ্রহন। এই পর্বে সভাপতিত্ব করেন এসোসিয়েশনের বিদায়ী সভাপতি সভাপতি শাহ্ আলাউদ্দিন। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরুর পর বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীত পরিবেশন করা হয়। তেলাওয়াত করেন আব্দুল আহাদ। বিদায়ী সাধারণ সম্পাদক জাবেদ আহমদের সঞ্চালনায় অনুষ্ঠানে নবনির্বাচিত কমিটির সকল কর্মকর্তাকে ফুলেল শুভেচ্ছায় বরণ করেন রাশিদুল মান্নান চৌধুরী হেশাম, জামাল আহমদ লিটন ও হারুনুর রশীদ তালুকদার। এর নবনির্বাচিত সভাপতি সৈয়দ ইলিয়াস খসরুকে শপথবাক্য পাঠ করান এসোসিয়েশনের প্রধান নির্বাচন কমিশনার সিরাজ উদ্দিন আহমদ সোহাগ। পরবর্তীতে সভাপতি সৈয়দ ইলিয়াস খসরু নব নির্বাচিত অন্যান্য কর্মকর্তাদের শপথ বাক্য পাঠ করান। এসময় এসোসিয়েশনের নির্বাচন কমিশনের সদস্যগণ মঞ্চে উপবিষ্ট ছিলেন।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বের আলোচনা সভায় সভাপতিত্ব করেন অভিষিক্ত সভাপতি সৈয়দ ইলিয়াস *১৭-এর পৃষ্ঠায় দেখুন*



বর্ণাঢ্য আয়োজনে অভিষিক্ত হলেন কুলাউড়া এসোসিয়েশন'র নব নির্বাচিতরা



১৬-এর পৃষ্ঠায় পর

খসরু। এই পর্বে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি বদরুল হোসেন খান, বিশিষ্ট রাজনীতিবিদ লুৎফুর রহমান চৌধুরী হেলাল, সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, সাপ্তাহিক প্রথম আলো'র সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন, বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি নার্গিস আহমদ, সাবেক সাধারণ ফখরুল আলম ও রানা ফেরদৌস চৌধুরী, সোসাইটির ট্রাস্টি বোর্ড সদস্য আজিমুর রহমান বুরহান, ফোবানার সাবেক চেয়ারম্যান বেদারুল হোসেন বাবলা, জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সভাপতি বদরুন নাহার খান মিতা, কুলাউড়া এসোসিয়েশনের প্রধান উপদেষ্টা আবুল কালাম ও উপদেষ্টা সিরাজ উদ্দিন আহমদ সোহাগ। এছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন এসোসিয়েশনের



কার্যনির্বাহী সদস্য ওলিউর রহমান, লেখিকা-সাংবাদিক রওশন হক ও সৈয়দ ইলিয়াস খসরুর কন্যা সৈয়দা নাবিদা খসরু।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে মঞ্চে উপবিষ্ট ছিলেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ড সদস্য আব্দুল হাশিম হাসনু ও আব্দুর রহিম হাওলাদার, জাকির চৌধুরী সিপিএ, এসোসিয়েশনের নির্বাচন কমিশনার তজমুল আলী, মো. মুকিত চৌধুরী, শাহেদ দেলওয়ার চৌধুরী ও আব্দুল মোক্তাদির চৌধুরী। যৌথ ভাবে সঞ্চালনায় ছিলেন অভিষিক্ত সাধারণ সম্পাদক মইনুর রহমান সুয়েব, বিদায়ী সাধারণ সম্পাদক জাবেদ আহমদ এবং উপস্থাপিকা শারমিন সিরাজ।

আলোচনা পর্বের শুরুতে কুলাউড়া উপজেলার বিশিষ্ট ব্যক্তিদের শুভেচ্ছা বার্তা স্লাইড শোতে প্রদর্শিত হয়। এসময় তারা সৈয়দ ইলিয়াস খসরু ও মইনুর রহমান সুয়েবের নেতৃত্বে কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ আরো শক্তিশালী সংগঠনে পরিণত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন এবং সার্বিক সফলতা কামনা করেন।

আলোচনা পর্বে কমিউনিটি নেতৃবৃন্দ সভাপতি সৈয়দ ইলিয়াস খসরুর সাংগঠনিক নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন এবং তার ও সাধারণ মইনুর রহমান সুয়েবের নেতৃত্বে কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ প্রবাসের অনুকরণীয় সংগঠনে পরিণত হবে বলে আশাবাদ ব্যক্ত করার পাশাপাশি ঐক্যবদ্ধ কমিউনিটি গড়ার উপর গুরুত্বারপ করেন।

সভাপতির বক্তব্যে সৈয়দ ইলিয়াস খসরু উপস্থিত সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে তার দায়িত্ব পালনে সবার সার্বিক সহযোগিতা কামনা করেন।

মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান আর নৈশভোজের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। এতে সঙ্গীত পরিবেশন করেন জনপ্রিয় শিল্পী স্বপ্নীল সজীব ও রেশমী মির্জা।









সাহিত্য সাময়িকী

বাদামি কবিতা

মনজু রহমান

আমার বাদামি কবিতা রোদচশমা হবে না জেনেও
খুঁটে তুলি বৈষম্যেও শব্দ! রোদেও ঝলক না বুঝে
পুরু চশমা এখনি না নিলে তোমার চোখে দুলবে
লাশের তৈলচিত্র; তুমি ও তোমার স্তাবক উড়াবে ঝড়ো বিভৎস গন্ধ!

তার চেয়ে ভালো নয় ডার্ক লেন্স, যেখানে দেখবে শুধু
উন্নয়ন, জোয়ারে ভাসা স্বদেশ–শান্তি শান্তি আর শান্তির আদিখ্যেতা?
বিষণ্নতা কোনো শাসককূলের থাকেনি কোনো কাল;
তুমি কেনো জড়াবে অযথা দ্বন্দ্ব-কলহে
বরং বলছো এইসব স্যাবোটাজ– সেই ভালো।

শাসকরা অন্ধ না হলে মানায় না!
তারা চুম্বন করে তাদের–যারা খুন হত্যা ছিনতাইয়ে পারদর্শী
রাষ্ট্রযন্ত্র বিকল হলে আর গণতন্ত্র নামক যন্ত্রটি অকার্যকর হলে
তোমরা চুম্বন করো কাকের ঠোঁট, সারা দেশ যখন সর্বনাশায় মত্ত
তখন স্তাবকদের গলায় পরিয়ে দাও ঐশ্বর্যের মালা!

আমার বাদামি কবিতা তোমার জন্য নয়;
এইসব নির্মল পঙক্তি তাঁদের–যাঁরা রক্ত ঝরিয়েছে ঊনসত্তরে
গণঅভ্যুত্থানে, একাত্তরে রক্তক্ষয়ী যুদ্ধে
স্বৈরচার বিরোধী রাজপথে এবং এখনাবধি যাঁদের রক্তের
উপর দাঁড়িয়ে আছে তোমার রাজসিংহাসন–
তোমার পুরু লেন্সের দুর্বিদ্ধ কালো চশমায় এইসব বিবর্ণ হলুদ কবিতা
ঢুকবে না জানি; তবু যে কেন– কবিরা মাকড়সার জাল বুনে শব্দের..



গাছ

নাসরীন নঈম

আমাকে আগের মতো বুঝতে এ
আছে শুধু একটি গাছ
সবুজ হলুদ পাতা দিয়ে লেখা
ওর বুকে আমার নাম।
তাইতো সেদিন পেলাম না হাতে
ডাকনামে লেখা চিঠির খাম।

দু'চোখের মণি আমার ঘষাকাচ
হৈ হুল্লোড়ের সময় নেই
আর কোন কাগজ কলম নয়
সাথে থাকুক অদেখা পৃথিবীর
পিঙ্গল অগ্নি পাঠ
তুমি সেই খাক হয়ে যাওয়া গাছ।

রৌদ্রের মতো সমুজ্জ্বল

মুস্তফা হাবীব

অধরাকে বলছি ....
সবাই বদলায় পার্থিব সুখে- দুখে, অমাবস্যা- পূর্ণিমায়
আমি রয়ে গেছি ঠিক পঁচিশ বছরের বসন্ত সাম্পানে
রৌদ্রের মতো সমুজ্জ্বল এই ক্ষয়িষ্ণু পৃথিবীতে।

অবয়ব দেখে বুঝার সাধ্য নেই কারো
এই আমি এখনও যুগল পাখির আলিঙ্গন দেখে
পথের বাঁকে চমকে উঠি প্রাণবন্ত এক হরিণের মতো।


অধরাকে বলছি ....
কোনো ভুলের কাঁটায় আমাকে আহত করো না
লৌকিক বাড়ি নির্মাণে তৃষ্ণাকাতর হয়ে যতোদূর যাই,
প্রাপ্তি সব হারায় কালের মুক্তধারায়
কেবল অবশিষ্ট থাকে নিসর্গ, মায়াবতী রমণীর মায়াটান।

অধরাকে বলছি ....
নিন্দার ঝড়ে ভেঙো না আমার স্বপ্নবিলাস
আমি আজন্ম তোমাকে পৌরুষের গল্প শুনিয়ে যাবো
স্মৃতির ভূমিতে জন্ম নেবে নতুন নতুন রিলকের গোলাপ।

প্রশ্রয়

শারমিন সুলতানা রীনা

প্রশ্রয় না পেলে কে আর অবলীলায়
বলতে পারে ভালবাসি।
কে হতে পারে ঘুম জাগানিয়া গান।
প্রশ্রয় দিয়েছো বলে মেঘের রংয়ে স্বপ্ন এঁকে যাই।
মুক্ত বিহঙ্গী হয়ে নীলিমায় উড়ি।
কতটা প্রশ্রয় পেলে বুকেই তুলে আনি
বিদ্যুৎদীপ্ত ঝড়।
সোনার মুকুট খুলে বুনো ফুলের মালা
তুলে নেই মাথা পেতে।
একটু প্রশ্রয়ে কোলাহল ছেড়ে
স্বেচ্ছায় বেছে নেই নির্বাসন
সিমাহীন অথৈ জলের মাঝখানে নিভৃতে গড়ে তুলি
মধুময় বাসরের প্রবাল দ্বীপ।
প্রেম ও প্রশ্রয়ে হয়ে যাই যৌবনবতী নদী।
সোমত্ত সে জলের
বর্ণচ্ছটায় হয়ে যাও প্রপাত
আমরা মিলেমিশে একাকার হই
যেমন পরাগায়নে রোমাঞ্চিত হয়
পল্লবিত শাখা..



পূর্ণিমায় লিখছি

হাদিউল ইসলাম

ঘোরতর পূর্ণিমায় তোমাকে লিখছি
কামিনীর মদির ভাষায়
এতো যে ক্ষরণ, পিপাসার আকণ্ঠ গরলে
হাবুডুবু খাই

এতো সামগান, লোকচক্ষুর আড়ালে সৌধ
সেঁধিয়ে দিচ্ছি দক্ষিণা হাওয়ায়
স্বর ও ব্যঞ্জনের মালা ফেলে কোথায় পালাবে?

গৃহস্তের ঘাম শরীরে আমার
ভালো থাকবে পাট শাক- করলা ভাজি- ডাল
আর সজনের ঝোলে

করোটিতে কুয়াশা

রিপন বর্মন

শহরের রাস্তাতে, দিনে-দুপুরে,
নিভে যায় আলো-
অন্ধকার গহ্বরে ভয়,
রোদের মতো খেলা করে...

পাখিদের গলাতে রক্তছাপ,
বসন্ত ভুলে-
প্রিয় নামের করোটিতে সস্তা আদর!

কাঁটাতারে বিষবাষ্প- দেশম গর্ভে,
রাক্ষুসে থাবা!
আছিয়াদের উরু বেয়ে নেমে আসে
রক্তস্রোত...

ভুল দেশ, ভুল জন্ম,
রঙচটা ভিটের জলে
ভাসছে বনফুল...



অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ
পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট
তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR
Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- হেলথ এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ি/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মান্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Congratulations to all our Students who made into Specialized High School

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএস (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন লক্ষ্যকর্মের অভিজ্ঞতাসম্পন্ন এটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন বড় ব্যবসায় বিনিয়োগ করতে Treaty (E-2) ভিসা আইন প্রযোজ্য হলে ব্যবসা করার সুযোগ পেয়ে পাবেন এবং স্থায়ীভাবে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়বেন।

মাত্র ১ মিলিয়ন বা তার বেশী ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার আইনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততির গ্রীন কার্ড পেয়ে পারেন।

বিভিন্ন প্রদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে অনুমোদন সহ পরামর্শ করতে পারেন।

দেশে কোন ফৌজদারী মামলা/পরিবেশন হলে আপনি ও আপনার পরিবার ৫ বছরের মধ্যে পেয়ে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইগ্রেশন সর্বপ্রকার ক্রিমিনাল এটর্নীর ক্রোজিং, পারসোনাল ইনজুরি, প্রেক্টিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক ডিপোজাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

